# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Srabon 13, 1433 Bangla, July 28, 2026, Tuesday, No. 203, 56th year


# H I G H L I G H T S

PM Tarique Rahman has urged newspaper editors to highlight the govt's positive initiatives alongside constructive criticism, saying balanced coverage will help people learn about govt's good work. (BBC: 03)

Tarique Rahman has distributed prizes among national level winners at closing ceremony of Notun Kuri Sports 2025-26. (Jago News: 14)

BNP Secretary General & LGRD and Cooperatives Minister has said that presidential election will be held on time in accordance with Constitution. (Jago News: 15)

Finance & Planning Minister has said, China Economic and Industrial Zone at Anwara in Chattogram is expected to attract investments over $1 billion. (Jago News: 15)

Expressing regret to people for suffering caused by ongoing gas crisis State Minister for Power, Energy and Mineral Resources has said that gas supply situation is expected to improve from next week. (Jago News: 19)

Bangladesh CNG Filling Station & Conversion Workshop Owners Association has withdrawn their strike scheduled for 30 July, citing ongoing nationwide gas supply crisis. (Jago News: 16)

Bangladesh Hindu, Buddhist, Christian Unity Council has claimed, nearly 3,000 attacks on Hindus took place in last 23 months during interim govt & the violence has now turned into targeted torture. (BBC: 05)

Government has withdrawn police movement escorts from 18 ministers to ease acute shortages of police personnel and vehicles. (DW: 13)

International Criminal Tribunal has issued arrest warrants against Sheikh Hasina and 41 others in Shapla Chattar murder case. (BBC: 08)

Heavy rains and flooding in Pakistan have killed at least 107 people. (BBC: 24)


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**শ্রাবণ ১৩, বাংলা ১৪৩৩, জুলাই ২৮, ২০২৬, মঙ্গলবার, নং- ২০৩, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান সম্পাদকদেরকে গঠনমূলক সমালোচনার পাশাপাশি সরকারের ইতিবাচক উদ্যোগগুলো তুলে ধরতে আহ্বান জানিয়ে বলেন, ভারসাম্যপূর্ণ সংবাদ পরিবেশন জনগণকে সরকারের ভালো কাজ সম্পর্কে জানতে সাহায্য করবে। (বিবিসি: ০৩)

'নতুন কুঁড়ি স্পোর্টর্স ২০২৫-২৬'র জাতীয় পর্বের সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিলেন প্রধানমন্ত্রী। (জাগো নিউজ: ১৪)

সংবিধান অনুযায়ী যথাসময়ে রাষ্ট্রপতি নির্বাচন হবার কথা জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী এবং বিএনপির মহাসচিব। (জাগো নিউজ: ১৫)

চট্টগ্রামের আনোয়ারায় গড়ে ওঠা চায়না ইকোনমিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল জোনে এক বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ হবে বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনা মন্ত্রী। (জাগো নিউজ: ১৫)

চলমান গ্যাস সংকটে সৃষ্ট দুর্ভোগের জন্য জনগণের কাছে দুঃখ প্রকাশ করে আগামী সপ্তাহ থেকে গ্যাস সরবরাহ পরিস্থিতির উন্নতি হবে বলে জানালেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী। (জাগো নিউজ: ১৯)

দেশব্যাপী গ্যাস সরবরাহ সংকটের কারণে বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন ও কনভার্সন ওয়ার্কশপ মালিক সমিতি তাদের ৩০ জুলাইয়ের ধর্মঘট প্রত্যাহার করেছে। (জাগো নিউজ: ১৬)

বাংলাদেশ হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য পরিষদের দাবি, অন্তর্বর্তী সরকারের আমলে গত ২৩ মাসে দেশজুড়ে হিন্দুদের ওপর প্রায় ৩,০০০ হামলা হয়েছে এবং এই সহিংসতা এখন গণহামলা থেকে লক্ষ্যবস্তু করে নির্যাতনে পরিণত হয়েছে। (বিবিসি: ০৫)

পুলিশ সদস্য ও যানবাহনের তীব্র ঘাটতি দূর করতে ১৮ মন্ত্রীর পুলিশ মুভমেন্ট এসকর্ট প্রত্যাহার করেছে সরকার। (ডয়চে ভেলে: ১৩)

শাপলা চত্বর হত্যাকাণ্ড মামলায় শেখ হাসিনাসহ ৪১ জনের নামে গ্রেফতারি পরোয়ানা জারি করলো আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল । (বিবিসি: ০৮)

পাকিস্তানে ভারী বৃষ্টিপাত ও বন্যায় ১০৭ জনের প্রাণহানি। (বিবিসি: ২৪)

# বিবিসি

## স্বাধীন গণমাধ্যমের জন্য নীতিমালা প্রণয়নে সম্পাদকদের সহযোগিতা চান প্রধানমন্ত্রী

স্বাধীন গণমাধ্যম ও সাংবাদিকদের জন্য নীতিমালা প্রণয়নের চলমান কাজে সম্পাদকদের সহযোগিতা কামনা করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। এছাড়া সংবাদপত্রের সম্পাদকদের সরকারের গঠনমূলক সমালোচনার পাশাপাশি সরকারের ইতিবাচক কর্মকাণ্ড যথাযথভাবে তুলে ধরার আহ্বান জানান তিনি। আজ বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ন্যাশনাল এডিটরস কাউন্সিলের নেতাদের সঙ্গে বৈঠককালে বাংলাদেশের প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব মো. সুজাউদ্দৌলা (সুজন মাহমুদ) এ তথ্য জানান। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। ন্যাশনাল এডিটরস কাউন্সিলের আহ্বায়ক ও যায়যায়দিন পত্রিকার সম্পাদক শফিক রেহমান এবং যুগ্ম আহ্বায়ক ও আমার দেশ সম্পাদক মাহমুদুর রহমানের নেতৃত্বে আট সদস্যের প্রতিনিধিদল বৈঠকে উপস্থিত ছিলেন। অন্যরা হলেন, দৈনিক প্রতিদিনের বাংলাদেশ সম্পাদক মারুফ কামাল খান সোহেল, দৈনিক নয়া দিগন্ত সম্পাদক সালাহউদ্দিন মুহাম্মদ বাবর, যুগান্তর সম্পাদক আবদুল হাই শিকদার, জাতীয় প্রেসক্লাবের সভাপতি হাসান হাফিজ, ওয়াদা সম্পাদক শফিকুল আলম এবং মানবকণ্ঠ সম্পাদক শহিদুল ইসলাম।
(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## মো. সাহাবুদ্দিনের বিরুদ্ধে ট্রাইব্যুনালে অভিযোগ, সাবেক রাষ্ট্রপতিদের বিচার করা যায়?

গত শুক্রবার বাংলাদেশের রাষ্ট্রপতির পদ থেকে মো. সাহাবুদ্দিন পদত্যাগ করার পর কয়েকটি রাজনৈতিক দল বা সংগঠন তার বিচারের দাবি তুলেছে। বিশেষ করে জাতীয় নাগরিক পার্টি বা এনসিপি, বাংলাদেশ খেলাফত মজলিসসহ বিভিন্ন সংগঠন তাকে গ্রেফতার ও তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ারও দাবি জানিয়েছে। জুলাই গণ-অভ্যুত্থানে মানবতাবিরোধী অপরাধের অভিযোগ এনে সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও আবদুল হামিদের বিরুদ্ধে তদন্ত চেয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে একটি অভিযোগও দায়ের করা হয়েছে। এমন অবস্থায় সদ্য সাবেক এই রাষ্ট্রপতির বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার সুযোগ আছে কি-না, সেই প্রশ্নগুলো ঘুরেফিরে সামনে আসছে। এই বিষয়গুলো সামনে আসার পর রোববার এ নিয়ে কথা বলেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, রাষ্ট্রপতি সাহাবুদ্দিনের বিরুদ্ধে যে অভিযোগগুলো উঠেছে, সেগুলো আমলে নেওয়ার মতো বিষয় তারা পাননি। আইনজীবী ও সংবিধান বিশেষজ্ঞরা বলছেন, যদি কোনো ব্যক্তি রাষ্ট্রপতি হওয়ার আগে বা দায়িত্ব থেকে পদত্যাগের পর যদি সুনির্দিষ্ট কোনো অপরাধে অভিযুক্ত হয়ে থাকেন, তাহলে সেটির বিচার করা যাবে। শুধুমাত্র দায়িত্ব পালনের সময়কালে রাষ্ট্রপতির কোনো কাজের জন্য তাকে বিচারের মুখোমুখি করা যাবে না। সাবেক রাষ্ট্রপতি মি. সাহাবুদ্দিনের বিরুদ্ধে দুর্নীতি বা অন্য কোনো অভিযোগ থাকলে, সেটি খতিয়ে দেখা হবে বলে জানিয়েছেন বাংলাদেশের আইনমন্ত্রী। রোববার আরেক অনুষ্ঠানে আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান জানিয়েছেন, মি. সাহাবুদ্দিনের বিরুদ্ধে ওঠা দুর্নীতিসহ বিভিন্ন অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে।

এর আগে, ২০২৪ সালের ৫ আগস্ট গণ-অভ্যুত্থানের মুখে শেখ হাসিনা সরকারের পতনের পরপরই তাকে অপসারণের জোরালো দাবি উঠেছিল। কিন্তু সে সময় সাংবিধানিক সংকট তৈরির আশঙ্কায় তাকে স্বপদে বহাল রাখা হয়েছিল। নির্বাচনের পর বিএনপি সরকার গঠনের পর নতুন করে রাষ্ট্রপতির পদ থেকে মি. সাহাবুদ্দিনকে অপসারণের দাবি উঠলেও বিএনপি সরকারের অবস্থানও ছিল তার পক্ষে। শেষ পর্যন্ত শুক্রবার স্বাস্থ্যগত কারণ দেখিয়ে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন পদত্যাগ করেন। এরপর সংবিধানের বিধান অনুযায়ী স্পিকার হাফিজ উদ্দিন আহমদ ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করেন।

### বিরোধী পক্ষগুলোর দাবি, ট্রাইব্যুনালে অভিযোগ

গত সপ্তাহের মাঝামাঝি থেকেই রাষ্ট্রপতির পদ থেকে মো. সাহাবুদ্দিনের পদত্যাগের নানা গুঞ্জন শোনা যাচ্ছিল। এর দুই দিনের মাথায় গত শুক্রবার বিকেলে স্বাস্থ্যগত কারণ দেখিয়ে রাষ্ট্রপতি পদ থেকে পদত্যাগ করেন মি. সাহাবুদ্দিন। তার পদত্যাগের পরে ওইদিন সন্ধ্যায়ই জাতীয় নাগরিক পার্টি বা এনসিপির পক্ষ থেকে সংবাদ সম্মেলন করা করা হয়। সংবাদ সম্মেলনে এনসিপির সাধারণ সম্পাদক আখতার হোসেন মো. সাহাবুদ্দিনকে গ্রেফতার করে বিচারের আওতায় আনার দাবি জানান। সেখানে তিনি বলেন, "সাহাবুদ্দিন চুপ্পু ন্যারেটিভ সাজিয়েছেন, যেটা আসলে তার জন্য একটা সেফ এক্সিটের জায়গা তৈরি করতে পারে। কিন্তু তাকে সেফ এক্সিট দেওয়ার কোনো মানেই নেই। তিনি যত অপরাধ করেছেন, সেই অপরাধগুলোতে তাকে অবশ্যই বিচারের আওতায় নিয়ে আসতে হবে।" ওই একই দিনে এই ইস্যুতে একটি যৌথ বিবৃতি দেন বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মামুনুল হক ও মহাসচিব জালালুদ্দীন আহমদ। সেখানে দলটির পক্ষ থেকে, মি. সাহাবুদ্দিনের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগগুলোর নিরপেক্ষ তদন্ত সম্পন্ন করে তাকে আইনের আওতায় এনে বিচারের মুখোমুখি করারও দাবি জানানো হয়। তবে, সদ্য সাবেক রাষ্ট্রপতির বিচার ইস্যুতে এনসিপি ও বাংলাদেশ খেলাফত মজলিস কঠোর অবস্থান থাকলেও জামায়াতে ইসলামী ছিল একটু কৌশলী অবস্থানে। এই ঘটনার পর একই দিন রাতে জরুরি সংবাদ সম্মেলনে জামায়াতের আমিরের কাছে প্রশ্ন করা হয়েছিল, তাদের দল সদ্য বিদায়ি রাষ্ট্রপতির বিচার চায় কী-না। এর জবাবে দলটির আমির শফিকুর রহমান বলেছিলেন, "আমরা সেটা চিন্তা-ভাবনা

করেই আমাদের পদক্ষেপটি নেব।" এর বাইরেও বিভিন্ন সংগঠন ও দলের নেতারা মি. সাহাবুদ্দিনের পদত্যাগের পর তার বিরুদ্ধে আইনগত পদক্ষেপ নেওয়ার দাবি জানান। শুক্রবার পদত্যাগের পর সাপ্তাহিক প্রথম কর্মদিবসে রোববার সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও আব্দুল হামিদের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে অভিযোগ দায়ের করা হয়। বাংলাদেশ আজাদি পার্টি ও রাষ্ট্রসংলাপ ফোরাম নামের দুটি সংগঠন পৃথকভাবে দুটি অভিযোগ করে।

**সাবেক রাষ্ট্রপতিদের বিচার করা যায়?**

আওয়ামী লীগ সরকারের আমলে ২০২৩ সালের ২৪ এপ্রিল শপথ নিয়েছিলেন মো. সাহাবুদ্দিন। এক বছর পর ২০২৪ সালের আগস্টে আওয়ামী লীগ সরকারের পতন হলেও তিনি রাষ্ট্রপতি পদেই বহাল ছিলেন। সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতি হিসেবে মি. সাহাবুদ্দিনের মেয়াদ ২০২৮ সালের এপ্রিল মাস পর্যন্ত। কিন্তু দায়িত্ব শেষ হওয়ার প্রায় দুই বছর আগেই স্বাস্থ্যগত কারণ দেখিয়ে পদত্যাগ করেন তিনি। তার পদত্যাগের পরপরই বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠনের পক্ষ থেকে মি. সাহাবুদ্দিনকে গ্রেফতার ও বিচারের মুখোমুখি করার দাবি জানানো হয়েছে। কিন্তু বাংলাদেশের বিদ্যমান সংবিধান ৫১ অনুচ্ছেদে রাষ্ট্রপতির দায়মুক্তির বিষয়ে বলা আছে। এতে দুই ধরনের সুরক্ষা পান রাষ্ট্রপতি। সংবিধানের ৫১ অনুচ্ছেদ অনুযায়ী, রাষ্ট্রপতি মূলত দুই ধরনের সুরক্ষা পান। প্রথমত দায়িত্ব পালনকালে কাজের দায়মুক্তি, অর্থাৎ দায়িত্ব পালনের সময়ে কোনো কাজ করলে অথবা না করলে তার জন্য কোনো আদালতে জবাবদিহি করতে হবে না। দ্বিতীয়ত কার্যভারকালে ফৌজদারি সুরক্ষা, অর্থাৎ রাষ্ট্রপতি থাকাকালে তার বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের বা চালু রাখা যাবে না। তাকে গ্রেফতার বা কারাবাসের পরোয়ানাও জারি করা যাবে না।

**কী করবে বিএনপি সরকার?**

২০২৪ সালের আওয়ামী লীগ সরকারের পতনের পর রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের অপসারণের বিরুদ্ধে যখন আন্দোলন চলছিল, তখন সাংবিধানিক সংকটের বিষয়টি সামনে এনে তাকে রাষ্ট্রপতি পদ থেকে না সরানোর পক্ষে অবস্থান ছিল বিএনপির। এমনকি নির্বাচনের পরও যখন রাষ্ট্রপতিকে অপসারণের প্রসঙ্গ সামনে এনেছিল জামায়াত-এনসিপি জোট, তখনও রাষ্ট্রপতিকে তার পদে বহাল রেখেছিল বিএনপি। শেষ পর্যন্ত অবশ্য স্বাস্থ্যগত কারণ দেখিয়ে অনেকটা তাড়াহুড়ো করেই পদত্যাগ করতে দেখা গেছে মো. সাহাবুদ্দিনকে। মি. সাহাবুদ্দিনের পদত্যাগের পর তার বিচারের প্রসঙ্গ যখন সামনে এসেছে, তখন সদ্য বিদায়ি রাষ্ট্রপতির পক্ষেই অবস্থান দেখা গেছে বিএনপির। রোববার সচিবালয়ে যখন সাংবাদিকদের মুখোমুখি হয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, তখন তার কাছে মি. সাহাবুদ্দিনের বিচার প্রসঙ্গ সামনে আসে। সাংবাদিকরা এ নিয়ে প্রশ্ন করেছিলেন তার কাছে। জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "যারা তার বিরুদ্ধে বক্তব্য দিচ্ছে, তাদের সেটা অধিকার আছে। বিভিন্ন রাজনৈতিক দল, বিরোধী দলের পক্ষ থেকে এনসিপি এবং অন্যান্যরা তার বিরুদ্ধে কিছু অভিযোগ উত্থাপন করছে। সেটা করতে পারে, কিন্তু আমরা আমলে নেওয়ার মতো বক্তব্য ওখানে নাই।" এ সময় মি. আহমদ বলেন, "রাষ্ট্রপতি তার দায়িত্ব পালনকালীন সময়ে তিনি সাংবিধানিকভাবে দায়িত্ব পালন করেছেন এবং বিধি বিধান অনুযায়ী করেছেন। আমরা মহামান্য রাষ্ট্রপতির সহযোগিতা পেয়েছি।" তার বিচারের প্রসঙ্গে প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "সংবিধান অনুসারে তিনি প্রিভিলেজড এবং ইমিউনিটি আছে। ফৌজদারি অপরাধ ইত্যাদির বিষয়ে কোনো আদালতে মামলা করা যায় না। এর বহির্ভূত কোনো সময়ে যদি কোনো বক্তব্য কেউ দিয়ে থাকে, সেটা তাদের স্বাধীনতা আছে দিতে পারবে। তবে আমরা আমলে নেওয়ার মতো কোনো বিষয় এখানে দেখিনি।" এসময় সাংবাদিকদের প্রশ্ন ছিল, আগের কোনো অভিযোগ থাকলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যাবে কী-না। জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী পাল্টা প্রশ্ন ছুড়ে বলেন, "সেই দায়িত্ব পালনকালীন সময়ে তার বিরুদ্ধে কী কেউ অভিযোগ দিয়েছিল? দিয়ে থাকলে তখনকার সময়ে যদি কিছু রেকর্ড করে থাকে, সেটা তখনকার বিষয়। সেটা বিধি বিধান অনুসারে চলবে, আইন অনুসারে চলবে।" একই দিন ভিন্ন এক অনুষ্ঠানে আইনমন্ত্রীর কাছেও প্রায় একই ধরনের প্রশ্ন করা হয়েছিল। জবাবে আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেন, "আমরা একদিকে যেমন জন দাবিকে গুরুত্ব দেব, একইসাথে আমরা কাউকে অন্যায়ভাবে কেউ অন্যায়ের শিকার হোক সেটাও চাইব না। সুতরাং বিষয়টা আমরা পরীক্ষা নিরীক্ষা করে কী করণীয় আছে, সেটা সরকার যথাসময়ে দেখবে।" (বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ ১০ আগস্ট

এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে আগামী ১০ আগস্ট। আজ সোমবার বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, ওইদিন সারাদেশে একযোগে ফলাফল প্রকাশ করা হবে। বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান স্বাক্ষরিত ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, "সংশ্লিষ্ট সব শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান, কেন্দ্র সচিব এবং সাধারণ জনগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে এসএসসি ও সমমান পরীক্ষা ২০২৬-এর ফলাফল আগামী ১০ আগস্ট সারা দেশে একযোগে প্রকাশ করা হবে।" ফলাফল পাওয়ার নিয়ম পরবর্তীতে জানানো হবে বলে এতে উল্লেখ করা হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## শাপলা চত্বর হত্যাকাণ্ড মামলায় শেখ হাসিনাসহ ৪১ আসামির বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল

২০১৩ সালের পাঁচ ও ছয়ই মে ঢাকার মতিঝিলে শাপলা চত্বর, নারায়ণগঞ্জ এবং চট্টগ্রামে হেফাজতে ইসলামের নেতা-কর্মীদের 'গণহত্যার' অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৪১ আসামির বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে আনুষ্ঠানিক অভিযোগপত্র দাখিল করেছে প্রসিকিউশন। চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম বিবিসি বাংলাকে জানিয়েছেন, এই মামলায় গণহত্যার দুইটি অভিযোগ আনা হয়েছে। ৬১ জনকে হত্যার অভিযোগে এই গণহত্যার অভিযোগ দুটি আনা হয়েছে। কারণ এখানে আইনানুযায়ী নির্দিষ্ট ইসলামী গোষ্ঠীকে লক্ষ্য করে 'গণহত্যা' চালানো হয়েছে বলে উল্লেখ করেন তিনি। বলেন, ২০১৩ সালের ৫ ও ৬ মে দুইদিনব্যাপী ঢাকার শাপলা চত্বর, চট্টগ্রাম, নারায়ণগঞ্জে এই 'গণহত্যার' ঘটনা ঘটে। ৬১ জন নিহতের মধ্যে ক্ষতিগ্রস্তদের পরিবারের পক্ষ থেকে ৫৮ জনের তথ্য নিশ্চিত হওয়া গেছে বলে জানান চিফ প্রসিকিউটর। এই মামলায় শেখ হাসিনা ছাড়াও হাসানুল হক ইনু, মহিউদ্দিন খান আলমগীর, র‍্যাবের সাবেক মহাপরিচালকসহ আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের আসামি করা হয়েছে। মামলাটিতে আট আসামিকে গ্রেফতার দেখানো হবে। তাদের মধ্যে সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী শামসুল হক টুকু, সাবেক আইজিপি একে এম শহীদুল হক, দীপুমনি, সাংবাদিক মোজাম্মেল হক বাবু, ফারজানা রুপাসহ আটজনকে গ্রেফতার দেখানো হবে। আর যারা পলাতক তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হবে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম।(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## হিন্দুদের ওপর সহিংসতা লক্ষ্যভিত্তিক নির্যাতনে রূপান্তরিত, দাবি হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদের

বাংলাদেশে হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদ দাবি করেছে, গত ২৩ মাস বা প্রায় দুই বছরের মধ্যে হিন্দু সম্প্রদায়ের উপর যে প্রায় তিন হাজার হামলার ঘটনা ঘটেছে, তার ৯১ শতাংশই ঘটেছে অন্তবর্তী সরকারের সময়। বিশেষ করে অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর প্রথম পাঁচ মাসেই ৭৩ দশমিক সাত শতাংশ হামলার ঘটনা ঘটেছে। অন্যদিকে এই বছরের জানুয়ারি থেকে জুন পর্যন্ত হিসাব তুলে ধরে পরিষদ দাবি করেছে, এখন হামলার ধরন বা সহিংসতা গণআক্রমণ থেকে লক্ষ্যভিত্তিক নির্যাতনে রূপান্তরিত হয়েছে। গত ছয় মাসে সারা দেশে ২৫৭টি সহিংসতার (আংশিক) ঘটনা ঘটেছে বলে পরিষদ দাবি করেছে। সোমবার ঢাকায় জাতীয় প্রেস ক্লাবে বাংলাদেশ হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদের পক্ষ থেকে করা একটি সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়। সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়, ২০২৫ সাল ও ২০২৬ সালের প্রথম ছয় মাসে সহিংসতার ঘটনা প্রায় একই রকম রয়েছে। এর মধ্যে তুলনামূলকভাবে ২০২৬ সালে হত্যার শিকার, উপাসনালয়ে হামলা, প্রতিমা ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগ, হামলা/হত্যার হুমকি/নির্যাতন, উপাসনালয়ের জমি দখল/দখলের চেষ্টা ২০২৫ সালের চেয়ে বেশি। সেখানে বলা হয়েছে, “২০২৪ সালের ৫ আগস্ট ৩১ ডিসেম্বর- এ ৫ মাস, ২০২৫ সালের পহেলা জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর- এ ১২ মাস এবং চলতি বছরের প্রথম ৬ মাস- এ ২৩ মাসের তুলনামূলক চিত্র সংবাদ সম্মেলনে তুলে ধরে বলা হয়, এ সময়ে সংঘটিত মোট ২৯৬৩টি ঘটনার ৭৩.৭% সংঘটিত হয়েছে ৫ আগস্ট পরবর্তী ৫ মাসে।” “এ সময়কালটি ছিল ব্যাপক আকারের গণ-সহিংসতার পর্যায়। হামলার মূল লক্ষ্য ছিল সংখ্যালঘু সম্প্রদায়ের বসতবাড়ি, ব্যবসা প্রতিষ্ঠান এবং ধর্মীয় স্থাপনা। ২০২৫ সালে সংঘটিত হয়েছে মোট ঘটনার ১৭.৬%| ২০২৬ সালের প্রথম ছয় মাসে সংঘটিত হয়েছে মোট ঘটনার ৮.৭%। ২০২৪ সালের সহিংসতার মাত্রা ২০২৫ সালের তুলনায় প্রায় ৪.২ গুণ বেশি ছিল।”

সংবাদ সম্মেলনে বলা হয়েছে, “মোট সহিসংতার প্রায় ৭০% ছিল বাড়িঘর, ব্যবসা প্রতিষ্ঠানে হামলা, প্রায় ১০% ঘটনা ধর্মীয় উপাসনালয়কে কেন্দ্র করে সংঘটিত হয়েছে, প্রতি ২১টি ঘটনায় গড়ে ১ জন মানুষ নিহত হয়েছে, প্রতি ১০টি ঘটনার মধ্যে প্রায় ১টি ধর্মীয় স্থাপনার উপর হামলা ছিল।” গত তিন বছরের ঘটনার তুলনামূলক পর্যালোচনা করে দাবি করা হয়েছে, ৫ আগস্ট থেকে ১৮ মাসে মোট ঘটনার সংখ্যা কমলেও হত্যাকাণ্ড, নারী নির্যাতন, সম্পত্তি দখল এবং ধর্মঅবমাননার অভিযোগে হয়রানির ঘটনা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে অর্থাৎ সহিংসতা গণআক্রমণ থেকে লক্ষ্যভিত্তিক নির্যাতনে রূপান্তরিত হয়েছে। “২০২৬ সালের প্রথম ৬ মাসের তথ্যে দেখা যায় যে, সহিংসতার সামগ্রিক সংখ্যা স্থিতিশীল থাকলেও প্রাণহানি ও ধর্মীয় প্রতিষ্ঠানে হামলার হার উদ্বেগজনকভাবে অব্যাহত রয়েছে। ধর্মীয় স্বাধীনতা ও উপাসনার অধিকারের উপর সরাসরি আঘাত হানা হয়েছে এ সময়। এসব ঘটনা সংখ্যালঘু সম্প্রদায়ের অস্তিত্ব ও নিরাপত্তার জন্যে দীর্ঘমেয়াদী হুমকি,” হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## ফেসবুকে ‘তান্ত্রিক’ সেজে বাংলাদেশ-ভারতে প্রতারণা, গ্রেফতার তিনজন

ফেসবুকে ‘তান্ত্রিক’ পরিচয়ে স্বামী-স্ত্রীর সম্পর্ক জোড়া লাগানো ও জাদুটোনা দূর করার নামে প্রতারণা করে অর্থ আত্মসাতের অভিযোগে তিনজনকে গ্রেফতার করেছে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)। চক্রটি ভারতীয় সিম ও গুগল পে ব্যবহার করে ভারত থেকেও অর্থ সংগ্রহ করতো বলে জানিয়েছে সংস্থাটি। সোমবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে পিবিআই জানায়, আসামিরা একটি সংঘবদ্ধ প্রতারক চক্রের সক্রিয় সদস্য। চক্রটি “তান্ত্রিক কবিরাজ”, “হোসেন কবিরাজ”, “আসমা কবিরাজ” এবং “রহমত আলী কবিরাজ” নামে ভুয়া ফেসবুক আইডি ও ইমো অ্যাকাউন্ট ব্যবহার করে তান্ত্রিক পরিচয়ে স্বামী-স্ত্রীর সম্পর্ক জুড়ে দেওয়া ও জাদু টোনা দূর করার নামে যোগাযোগ স্থাপন করতো। এরপর তারা পটাশিয়াম পারম্যাঙ্গানেট ও রসালো মিষ্টি একসঙ্গে করে ধরে রাখতে নির্দেশ দিত। এর ফলে সংঘটিত রাসায়নিক বিক্রিয়ায় ভুক্তভোগীদের গুরুতর ক্ষত সৃষ্টি হয়। পরে ওই ক্ষত জ্বীনের মাধ্যমে সারিয়ে দেওয়ার আশ্বাস এবং

জ্বীনের ভয় দেখিয়ে বিকাশ ও নগদ অ্যাকাউন্টের মাধ্যমে অর্থ আদায় করে যোগাযোগ বিচ্ছিন্ন করে দিত, বলা হয় সংবাদ বিজ্ঞপ্তিতে। এই ধরনের ঘটনায় দায়ের হওয়া মামলার তদন্তে গত ২৪ জুলাই কুমিল্লা ও নোয়াখালী থেকে অহিদ মিয়া ওরফে কুয়েত (২৪), মাহে আলম (২৭) ও মো. হাসান আলী (২০)-কে গ্রেফতার করা হয়। তাদের কাছ থেকে প্রতারণায় ব্যবহৃত মোবাইল ফোন ও একাধিক সিম কার্ড জব্দ করা হয়েছে। গ্রেফতার হওয়া দুই আসামি আদালতে ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দিও দিয়েছেন। পিবিআইর তদন্তে জানা গেছে, প্রতারণার মাধ্যমে আদায়কৃত অর্থের একটি অংশ অহিদ মিয়া ওরফে কুয়েত নামক আসামির ব্যবহৃত মোবাইল নম্বরে স্থানান্তরের প্রমাণ পাওয়া যায়। এছাড়া মাহে আলম তার নিজ জাতীয় পরিচয়পত্রে নিবন্ধিত বিকাশ সিম ব্যবহার করে প্রধান অভিযুক্তকে প্রতারণামূলক কর্মকাণ্ডে সহায়তা করতেন। প্রতারক চক্রটি পার্শ্ববর্তী দেশ ভারতেও একই ধরনের ভুয়া ফেসবুক পেজ পরিচালনা এবং ভারতীয় মোবাইল নম্বর ব্যবহার করে সাধারণ মানুষের সঙ্গে প্রতারণা করত। বাংলাদেশ-ভারত জাফলং সিমান্তে গিয়ে ভারতীয় সীম কিনে আসামিরা গুগল পে'র মাধ্যমে অর্থ বাংলাদেশে এনে আত্মসাৎ করত। তাদের অধিকাংশ গ্রাহক ভারতীয় নাগরিক। চক্রটির অন্য সদস্যদের শনাক্ত ও গ্রেফতারের চেষ্টা চলছে বলেও জানিয়েছে সংস্থাটি।

(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## রাষ্ট্রপতি নির্বাচন নিয়ে ভারপ্রাপ্ত স্পিকারের সঙ্গে সিইসির বৈঠক মঙ্গলবার

বাংলাদেশের নতুন রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণা নিয়ে জাতীয় সংসদের ভারপ্রাপ্ত স্পিকার কায়সার কামালের সঙ্গে বৈঠকে বসতে যাচ্ছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। আগামীকাল মঙ্গলবার সকাল ১১টায় সংসদ ভবনে ভারপ্রাপ্ত স্পিকারের কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হবে। সোমবার ঢাকার আগারগাঁওয়ের নির্বাচন ভবনে নির্বাচন কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদ এ তথ্য জানান। বাংলাদেশের সংবিধানের বিধি অনুযায়ী, সংসদ সদস্যদের ভোটে নির্বাচন হবেন রাষ্ট্রপতি। এর জন্য সংসদ সচিবালয় থেকে ভোটার তালিকা তথা সংসদ সদস্যদের নাম নির্বাচন কমিশন সচিবালয়ে পাঠানো হবে। সেটার ভিত্তিতে রাষ্ট্রপতি নির্বাচনের ভোটার তালিকা করবে নির্বাচন কমিশন। এরপরই ঘোষণা করা হবে রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল।

(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## তিন শর্তে লাইসেন্স ফিরে পেল আদ-দ্বীন হাসপাতাল

তিন শর্তে লাইসেন্স ফিরে পেয়েছে ঢাকার মগবাজারের আদ-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতাল। আদ্-দ্বীন ফাউন্ডেশনের পরিচালক (কোম্পানি অ্যাফেয়ার্স ও মানবসম্পদ) তারিকুল ইসলাম মুকুল বিবিসি বাংলাকে খবরটি নিশ্চিত করেন। তিনি বলেন, তারা আজ থেকেই কার্যক্রম শুরু করতে পারবেন। সোমবার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত একটি আদেশ জারি করা হয়। শর্তগুলো হলো:

(১) হাসপাতাল পরিচালনায় দ্য মেডিকেল প্র্যাকটিস অ্যান্ড প্রাইভেট ক্লিনিকস অ্যান্ড ল্যাবরেটরিজ (রেগুলেশন) অর্ডিন্যান্স, ১৯৮২-এর নির্দেশনা মানতে হবে।

(২) লাইসেন্সের শর্ত অনুযায়ী ডিউটি ডাক্তার ও নার্স নিয়োগের প্রক্রিয়া দ্রুত শেষ করতে হবে।

(৩) লাইসেন্সের শর্তাবলী প্রতিপালনে ব্যর্থ হলে সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ যে-কোনো সময় আইনানুগ ব্যবস্থা নেবে।

স্বাস্থ্যসেবা বিভাগের সচিব মো. কামরুজ্জামান চৌধুরীর সই করা ওই আদেশে বলা হয়, আদ-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতালে ছয় নবজাতক শিশুর মৃত্যুর ঘটনায় হাসপাতাল কর্তৃক দাখিলকৃত আপিল ও আপিলের অধিকতর বিবরণীর বিষয়ে গঠিত তদন্ত কমিটিকে গত ১৫ জুলাই তিন কর্মদিবসের মধ্যে সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিলের নির্দেশনা দেওয়া হয়। ওই তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় শর্তসাপেক্ষে হাসপাতালটির লাইসেন্স বাতিলের আদেশ প্রত্যাহারপূর্বক পুনরায় কার্যক্রম পরিচালনার অনুমতি দেওয়া হলো।

(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ নারগীস)

## জুলাই ব্যর্থ হলে 'শেখরাজ্য' প্রতিষ্ঠা হতো বাংলাদেশে : মজিবুর রহমান মঞ্জু

জুলাই গণ-অভ্যুত্থান সফল না হলে দেশের কয়েকটি টেলিভিশন চ্যানেল ও শীর্ষস্থানীয় সংবাদপত্র বন্ধ করে দেওয়া হতো। বহু সাংবাদিক গুম, কারাবন্দি ও নির্যাতনের শিকার হতেন। শুধু তাই নয়, আনুষ্ঠানিকভাবে হাসিনা পরিবারের 'শেখতন্ত্র' বা 'শেখরাজ্য' প্রতিষ্ঠা করা হতো বলে মন্তব্য করেছেন এবি পার্টির চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু। সোমবার ঢাকার সেগুনবাগিচাস্থ ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) মিলনায়তনে "জুলাই গণ-অভ্যুত্থান : গণমাধ্যম কর্মীদের দায়িত্ব, ত্যাগ ও দুঃসাহসিক স্মৃতি" শীর্ষক এবি পার্টি আয়োজিত আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। ২০১৩ সালের ৫ মে আলেম-ওলামাদের আন্দোলন দমনের প্রসঙ্গ তুলে ধরে তিনি বলেন, "এরপর দিগন্ত টেলিভিশন, ইসলামিক টেলিভিশন, দৈনিক আমার দেশ ও একুশে টেলিভিশন কীভাবে বন্ধ করে দেওয়া হয়েছিল, তা দেশের মানুষ ভুলে যায়নি।" তিনি বলেন, ৫ আগস্টের পর গণমাধ্যম সংস্কার কমিশন গঠন করা হলেও, তার সুপারিশ কতটুকু বাস্তবায়িত হয়েছে, সে বিষয়ে জাতি এখনো কোনো স্পষ্ট জবাব পায়নি। ৫ আগস্টের আগে গণমাধ্যমকর্মীরা দুই ভাগে বিভক্ত ছিলেন জানিয়ে তিনি বলেন, "আওয়ামী ব্লক ও অ্যান্টি-আওয়ামী ব্লক। এখন তারা বিএনপি ব্লক, জামায়াত ব্লক এবং পলাতক-গুপ্ত আওয়ামী ব্লক, এই তিন ধারায় বিভক্ত।" জুলাইয়ের উত্তাল দিনগুলোতে জীবনের ঝুঁকি নিয়ে সত্য

তুলে ধরা সাংবাদিকদের প্রতি কৃতজ্ঞতা জানান তিনি। তবে, "সংসদে শুধু জুলাই সনদ নিয়ে আলোচনা করলেই চলবে না; নির্বাচন কমিশনে চুক্তিভিত্তিক অতিরিক্ত সচিব নিয়োগ, রাষ্ট্রায়ত্ত করপোরেশনগুলোতে দলীয় নিয়োগ এবং সরকারি দল হিসেবে বিএনপির ঘোষিত ৩১ দফা থেকে সরে আসার বিষয়েও প্রশ্ন তুলতে হবে," যোগ করেন মজিবুর রহমান মঞ্জু। (বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ নারগীস)

## সরকার হঠাৎ মন্ত্রীদের 'পুলিশ প্রটোকল' তুলে নিল কেন, কতদিন কার্যকর থাকবে?

বাংলাদেশের রাজধানীতে চলাচলের সময় মন্ত্রীরা এতদিন যে 'পুলিশ প্রটোকল' বা বিশেষ নিরাপত্তা সুবিধা পেয়ে আসছিলেন, বেশিরভাগের ক্ষেত্রে সম্প্রতি সেটি প্রত্যাহার করে নিয়েছে সরকার। ফলে গত সপ্তাহখানেক ধরে তাদেরকে পুলিশের বিশেষ প্রহরা ছাড়াই ঢাকার রাস্তায় চলাচল করতে হচ্ছে। "এমনকি প্রধানমন্ত্রী তারেক রহমান নিজেও তার নিরাপত্তা বহর থেকে পুলিশ সদস্যদের সংখ্যা কমিয়ে এনেছেন," বলছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উচ্চ পর্যায়ের একজন কর্মকর্তা। মন্ত্রিসভার দুই ডজন পূর্ণমন্ত্রীর মধ্যে বর্তমানে কেবল ছয়জন জ্যেষ্ঠ সদস্য ঢাকার মধ্যে পুলিশের বিশেষ প্রটোকল পাচ্ছেন। বাকি ১৮ জন মন্ত্রী কেবল ঢাকার বাইরে যাওয়ার সময় নিরাপত্তা সুবিধাটি নিতে পারবেন। সরকারের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে পুলিশ কর্মকর্তারা বলছেন, এর ফলে বাহিনীটির সদস্যরা আইন-শৃঙ্খলা রক্ষায় আগের চেয়ে বেশি সময় ও মনোযোগ দিতে সক্ষম হবেন। সেইসঙ্গে, প্রটোকলের গাড়ি থানায় ফেরত যাওয়ায় তাদের যানবাহন সংকটও কমে আসবে বলে মনে করছেন তারা। কিন্তু তারেক রহমানের সরকার হঠাৎ করে মন্ত্রীদের 'পুলিশ প্রটোকল' তুলে নিল কেন? "এটা হঠাৎ করে নেওয়া কোনো সিদ্ধান্ত নয়। নির্বাচনের আগেই তারেক রহমান পরিকল্পনা করে রেখেছিলেন যে, ক্ষমতায় গেলে তিনি প্রশাসনে অপ্রয়োজনীয় ব্যয় কমিয়ে জনগণের অর্থ যেন যথাযথভাবে কাজে লাগানো হয়, সেটি নিশ্চিত করবেন। ওই পরিকল্পনার অংশ হিসেবেই নতুন এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে," বিবিসি বাংলাকে বলেন প্রধানমন্ত্রীর একজন উপদেষ্টা।

### এখন প্রটোকল পাচ্ছেন কারা?

গত ১২ ফেব্রুয়ারির নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা পাওয়ার পর পাঁচদিনের মাথায় ক্ষমতা গ্রহণ করে বিএনপি। প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে গঠিত নতুন সরকারের মন্ত্রিসভায় ২৪ জন পূর্ণমন্ত্রী ছাড়াও জায়গা পান ২৩ জন প্রতিমন্ত্রী। এর বাইরে, প্রধানমন্ত্রীর ১০ জন উপদেষ্টা রয়েছেন, যাদের মধ্যে পাঁচজনকে মন্ত্রীর এবং বাকি পাঁচজন প্রতিমন্ত্রীর পদমর্যাদা দেওয়া হয়েছে। বিএনপি সরকারে থাকা এই ৫৮ জন গুরুত্বপূর্ণ ব্যক্তির মধ্যে ২৪ জন মন্ত্রী এবং মন্ত্রী পদমর্যাদার কয়েকজন উপদেষ্টা গত পাঁচ মাস ধরে পুলিশ প্রটোকল পেয়ে আসছিলেন। কিন্তু গত ২০ জুলাই সরকারের নতুন সিদ্ধান্ত কার্যকর হওয়ার পর প্রধানমন্ত্রী তারেক রহমানের বাইরে মাত্র ছয়জন মন্ত্রী এখনও ঢাকার রাস্তায় বিশেষ নিরাপত্তা সুবিধা পাচ্ছেন। তাদের মধ্যে রয়েছেন- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান, সমাজকল্যাণ এবং মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন এবং বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। এছাড়া প্রধানমন্ত্রীর উপদেষ্টাদের মধ্যে কেবল পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর বর্তমানে পুলিশ প্রটোকল পাচ্ছেন। এর বাইরে, পদাধিকারী বলে জাতীয় সংসদের স্পিকার, ডেপুটি স্পিকার, বিরোধী দলীয় নেতা, বিরোধী দলীয় উপনেতা, চিফ হুইপ এবং বিরোধী দলীয় চিফ হুইপ পুলিশ প্রটোকল পেয়ে থাকেন।

### প্রটোকল প্রত্যাহার হলো যাদের

মন্ত্রিসভার সদস্যদের মধ্যে এখন পর্যন্ত ১৮ জন মন্ত্রীর পুলিশ এসকর্ট প্রত্যাহার করা হয়েছে। তাদের মধ্যে রয়েছেন- আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান, পানিসম্পদমন্ত্রী শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি, দুর্যোগ ব্যবস্থাপনামন্ত্রী আসাদুল হাবিব দুলু, গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী জাকারিয়া তাহের, শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন, স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন, সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম এবং বাণিজ্য ও শিল্পমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদির। তালিকায় আরও নাম রয়েছে- পরিবেশমন্ত্রী আবদুল আউয়াল মিন্টু, সংস্কৃতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী, ভূমিমন্ত্রী মিজানুর রহমান মিনু, শ্রম ও প্রবাসী কল্যাণমন্ত্রী আরিফুল হক চৌধুরী, তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন, ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জল হোসেন কায়কোবাদ, মুক্তিযুদ্ধবিষয়কমন্ত্রী আহমেদ আজম খান, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী আফরোজা খানম রিতা, কৃষি ও মৎস্যমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ এবং তথ্যপ্রযুক্তিমন্ত্রী ফকির মাহবুব আনামের। "সরকারি নির্দেশে গত ২০ জুলাই থেকে তাদের পুলিশ প্রটোকল প্রত্যাহার করা হয়েছে। তবে সরকারি সফরে ঢাকার বাইরে গেলে তারা পুলিশ প্রটোকল পাবেন," বিবিসি বাংলাকে বলছিলেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) প্রটেকশন বা সুরক্ষা বিভাগের উপ-কমিশনার মো. শাহরিয়ার আলম।

### 'অপ্রয়োজনীয় ব্যয় রোধ'

রাস্তাঘাটে চলাচলের সময় এতদিন মন্ত্রীদের প্রত্যেকের সঙ্গে পুলিশি প্রটোকলের একটি গাড়ি রাখা হতো। এক্ষেত্রে একজন মন্ত্রীর প্রটোকল টিমে সাধারণত পাঁচজন পুলিশ সদস্য থাকেন, যাদের মধ্যে একজন উপ-পরিদর্শক (এসআই) এবং চারজন কনস্টেবল। তাদের খাবার-দাবার, বেতন-ভাতা ছাড়াও পুলিশের পিকআপ ভ্যানের জ্বালানি ও যন্ত্রপাতির যাবতীয় খরচ দেওয়া হয় জনগণের করের অর্থ থেকে। এছাড়া মন্ত্রীদের সবাইকে বাড়তি নিরাপত্তা দিতে গিয়ে পুলিশ

সদস্যের একটি উল্লেখযোগ্যকে থানার বাইরে রাখতে হয়। "এতে পুলিশের নিয়মিত কার্যক্রমে ব্যাঘাত ঘটে, বিভিন্ন মামলার তদন্তে ধীরগতি দেখা দেয়," বলেন পুলিশের একজন উচ্চপদস্থ কর্মকর্তা। এ ধরনের সমস্যা সমাধানের লক্ষ্যেই বর্তমান সরকার বেশিরভাগ মন্ত্রীর পুলিশী প্রটোকল প্রত্যাহার করার সিদ্ধান্ত নিয়েছে বলে জানাচ্ছেন বিএনপির নেতারা। "ঢাকায় এখন আইন-শৃঙ্খলা পরিস্থিতি এতটাও খারাপ না যে, মন্ত্রীদের সবাইকে বিশেষভাবে সুরক্ষা দিতে হবে। এর চেয়ে বরং পুলিশকে থানায় রাখা গেলে সাধারণ মানুষ বেশি উপকৃত হবে," বলছিলেন বিএনপির সিনিয়র এক নেতা। তিনি জানান, ঢাকার ভেতরে চলাচলের ক্ষেত্রে পুলিশ প্রটোকল কমানোর বিষয়টি নিয়ে সম্প্রতি মন্ত্রিসভায় আলোচনা হয়েছে। "সেখানে মন্ত্রীরা সবাই প্রটোকল প্রত্যাহার করার বিষয়ে একমত হয়েছেন। তারপরও গুরুত্ব ও প্রয়োজনীয়তা বিবেচনায় যে-সব মন্ত্রণালয়ের মন্ত্রীদের প্রটোকল রাখা জরুরি বলে মনে হয়েছে, তাদের ক্ষেত্রে প্রটোকল বহাল রাখা হয়েছে," বলেন ওই বিএনপি নেতা।

প্রধানমন্ত্রীর একজন উপদেষ্টা জানিয়েছেন, প্রধানমন্ত্রী তারেক রহমান নিজেও তার পুলিশী প্রটোকল কমিয়ে ফেলেছেন। "প্রধানমন্ত্রীর মূল নিরাপত্তায় মূলত থাকছে বিশেষ নিরাপত্তা বাহিনী (এসএসএফ)। আর পুলিশের সংখ্যা কমিয়ে অর্ধেকে নামিয়ে আনা হয়েছে," বলেন নাম প্রকাশে অনিচ্ছুক ওই উপদেষ্টা। মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী, ঢাকা মেট্রোপলিটন পুলিশকে গত ২০ জুলাই থেকে প্রটোকল প্রত্যাহারের সিদ্ধান্ত কার্যকর করার নির্দেশনা দেয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এর ফলে ১৮ জন মন্ত্রীর বিশেষ নিরাপত্তার দায়িত্বে থাকা প্রায় ৯০ পুলিশ সদস্যকে এখন অন্য জায়গায় আইন-শৃঙ্খলা রক্ষার কাজে ব্যবহার করার সুযোগ হয়েছে বলে জানাচ্ছেন কর্মকর্তারা। সেইসঙ্গে, প্রটোকলে গাড়ির ব্যবহারও ২৫টি থেকে কমে সাতটিতে নেমেছে। "এর ফলে একদিকে যেমন জ্বালানি সাশ্রয় হচ্ছে, তেমনি পুলিশের গাড়ি সংকটও কিছুটা কমেছে," বলছিলেন ডিএমপির সুরক্ষা বিভাগের উপ-কমিশনার মো. শাহরিয়ার আলম। কিন্তু অপ্রয়োজনীয় ব্যয় কমানোর লক্ষ্যে নেওয়া এই সিদ্ধান্ত কতদিন বহাল থাকবে? "সিদ্ধান্তটা স্থায়ীভাবেই নেওয়া। সবকিছু ঠিকঠাক থাকলে আগামীতেও এটা বহাল থাকবে এবং অন্যান্য ক্ষেত্রেও ধীরে ধীরে অপ্রয়োজনীয় ব্যয় ও সম্পদের অপচয় রোধ করা হবে," বলেন প্রধানমন্ত্রীর ওই উপদেষ্টা।(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## শাপলা চত্বর হত্যাকাণ্ডের মামলায় অভিযোগপত্রের শুনানিতে কী হলো, অভিযুক্ত কারা

১৩ বছর আগে হেফাজতে ইসলামের সমাবেশে ঢাকার মতিঝিলে শাপলা চত্বরসহ কয়েকটি জায়গায় হত্যাকাণ্ডের মামলায় সোমবার অভিযোগপত্র আমলে নিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। অভিযোগ আনা হয়েছে 'গণহত্যার', মানবতাবিরোধী অপরাধের। অভিযুক্ত করা হয়েছে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৪১ জনকে। আসলে কী অভিযোগ আনা হয়েছে, সে ব্যাপারে সোমবার ট্রাইব্যুনালে শুনানির পর সংবাদ সম্মেলন করেছে প্রসিকিউশন। ২০১৩ সালের ৫ ও ৬ মে হেফাজতে ইসলামের সমাবেশকে কেন্দ্র করে ঢাকার মতিঝিলে শাপলা চত্বর, নারায়ণগঞ্জ এবং চট্টগ্রামে ৬১ জনকে হত্যার অভিযোগে মামলাটি করেন সংগঠনটির অন্যতম নেতা আজিজুল হক ইসলামাবাদী। সেই মামলায় সোমবার ট্রাইব্যুনাল অভিযোগপত্র আমলে নিয়ে পলাতক অভিযুক্তদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির নির্দেশ দিয়েছে। একইসঙ্গে, আটজনকে গ্রেফতার দেখানো হয়েছে। চিফ প্রসিকিউটর মো.আমিনুল ইসলাম বলেছেন, "এই মামলায় কনস্টেবল বা পুলিশের সদস্যদের বিরুদ্ধে অভিযোগ আনা হয়নি। যে ৪১ জনের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে, তারা কোনোভাবেই তাদের দায় এড়াতে পারবে না।" সকাল থেকে ট্রাইব্যুনালে হাজির ছিলেন হেফাজতে ইসলামের বেশ কয়েকজন নেতা।

### শুনানিতে কী হয়েছে?

সোমবার বেলা পৌনে ১২টায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হেফাজতে ইসলামের সমাবেশে হামলা ও হত্যাকাণ্ডের ঘটনায় গণহত্যার অভিযোগপত্র আমলে নেওয়ার শুনানি শুরু হয়। ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মি. ইসলাম শুনানিতে বলেন, '৫ মে পুলিশ কন্ট্রোল রুমে একটি জরুরি সভা করা হয়। তৎকালীন আইজিপি হাসান মাহমুদ খন্দকারের সহযোগিতায় অতিরিক্ত আইজিপি একেএম শহীদুল হক, বিজিবির তৎকালীন ডিজি জেনারেল আজিজ আহমেদ এবং র‍্যাবের কর্মকর্তারা ওই বৈঠকে মিলিত হন। "সুপরিকল্পিতভাবে ইসলামিক সংগঠন বা গোষ্ঠী হেফাজতে ইসলামকে নিশ্চিহ্ন বা নির্মূল করে দেওয়ার জন্য আইন-শৃঙ্খলা বাহিনী ৫ মে মধ্যরাতে শাপলা চত্বরে হামলা চালায়" বলে শুনানিতে উল্লেখ করেন চিফ প্রসিকিউটর। শুনানিতে তিনি জানান, পরবর্তীতে 'গণহত্যার' চিহ্ন মোচনের চেষ্টাও করা হয়। হেফাজতে ইসলামের নেতা-কর্মীদের দমাতে ওইদিন রাতে ও পরদিন আইন-শৃঙ্খলা বাহিনী "বৈদ্যুতিক বাতি বন্ধ করে সম্পূর্ণ ব্ল্যাকআউট করে" অভিযান পরিচালনা করে বলে শুনানিতে উল্লেখ করেন তিনি। বিভিন্ন বাহিনী তাদের পরিচালিত অভিযানকে একেক নামে অভিহিত করে। এর মধ্যে পুলিশ বাহিনী এটিকে "অপারেশন সিকিউরড শাপলা", র‍্যাব "অপারেশন ফ্ল্যাশ আউট" এবং বাংলাদেশ বর্ডার গার্ড শাপলা চত্বরের অভিযানকে "অপারেশন ক্যাপচারড শাপলা" নামে অভিহিত করে। এই মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী মহিউদ্দিন খান আলমগীর, স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী শামসুল হক টুকু, সাবেক তথ্যমন্ত্রী হাসানুল হক ইনুসহ ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে 'সুপিরিয়র রেসপনসিবিলিটির' অভিযোগ আনা হয়েছে। শুনানি শেষে এক সংবাদ সম্মেলনে চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম অভিযোগ করেছেন, "শাপলা চত্বরের ওই ঘটনার পর থেকে তৎকালীন সরকার এই মামলার ৬১ জনের হত্যাকাণ্ডের কোনো তদন্ত পরিচালনা করেনি।" মি. ইসলাম বলেন, "এই যে জেনোসাইড বাংলাদেশের ইতিহাসে

এরকম বর্বরোচিত হত্যা ও আক্রমণ আর হয়েছে কি না, আমার জানা নাই।" তিনি বলেন, "একটি ইসলামিক গোষ্ঠী অথবা একটি ইসলামিক গ্রুপকে ডেস্ট্রয় বা নির্মূল করে দেওয়ার জন্য তৎকালীন সরকার কিছু ব্লগার একটিভিস্ট বা কিছু লেফটিস্ট, যাদেরকে নাস্তিক বলে সম্বোধন করতে পারি, এই জাতীয় কিছু মানুষের দ্বারা প্রভাবিত হয়ে অত্যন্ত পরিকল্পিতভাবে তাদের ওপর এই আক্রমণ করে।" সে কারণে গণহত্যা, মানবতাবিরোধী অপরাধের অভিযোগ আনা হয়েছে বলে উল্লেখ করেন মি. ইসলাম। তিনি জানান, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থার তদন্তের বাইরেও মানবাধিকার সংগঠন অধিকারের কাছ থেকে এই বিষয়ে তথ্য সংগ্রহ করা হয়েছে। "শাপলা চত্বরে ৫ মে মধ্যরাতে ৩২ জনকে হত্যা এবং পরদিন সিদ্ধিরগঞ্জে আরো ২০ জনকে হত্যার ঘটনাটি জেনোসাইড" বলে উল্লেখ করেন চিফ প্রসিকিউটর। তিনি বলেন, "এই ঘটনার পরে শেখ হাসিনা নিজ মুখে বলেছিলেন, কোনো হতাহতের ঘটনা, হত্যাকাণ্ডের ঘটনা ঘটেনি। তারা নিজেদের গায়ে রং মেখে ঘটনা সাজিয়েছে।" শুনানিতে চিফ প্রসিকিউটর জানান, সাবেক তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু সেসময় দুইটি টেলিভিশনের সম্প্রচার বন্ধ করতে লিখিত আদেশ দিয়েছিলেন। "ইসলামিক এবং দিগন্ত টিভি ঘটনাটি সম্প্রচার করায় এবং তাদের কাছে অনেক তথ্য থাকায় তাদের লাইসেন্স বাতিলে হাসানুল হক ইনু লিখিত আদেশ দিয়েছিলেন," বলেন মি. ইসলাম।

**'মাইনর' বা শিশু আছে কিনা, জানতে চান বিচারক**

অভিযোগপত্র আমলে নেওয়ার শুনানিতে ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরী চিফ প্রসিকিউটরের কাছে, এই ঘটনায় শাপলা চত্বরে নিহতদের মধ্যে কোনো 'মাইনর' অর্থাৎ অপ্রাপ্তবয়স্ক শিশু রয়েছে কিনা, সেটি জানতে চান। সেসময় সামাজিক যোগাযোগ মাধ্যমে শাপলা চত্বরে শিশুও নিহত হয়েছিল বলে উল্লেখ করেন ট্রাইব্যুনালের চেয়ারম্যান। "মা-বাবা নেই এতিম এমন বাচ্চাদেরকে হেফাজতের সমাবেশে নিয়ে আসা হয়েছিল?" প্রশ্ন করে চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম জানান, "আমরা ইনডিপেনডেন্টলি ইনভেস্টিগেশন করে যেটা পেয়েছি, সেটাই দিয়েছি। হাইপোথেটিক্যালি আমরা বলতে পারি না।" "আমাদের ইনভেস্টিগেশনের বাইরে যাওয়ার কোনো সুযোগ নাই। আমরা তদন্তে তিনজনকে পেয়েছি, যাদের বয়স ১৫ বা ১৪ বছর বয়সি," বলেন চিফ প্রসিকিউটর।

**অভিযুক্তদের বিরুদ্ধে অভিযোগ**

এই মামলায় আটজনকে গ্রেফতার দেখানো হয়েছে। তারা হলেন- সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী শামসুল হক টুকু, সাবেক মন্ত্রী দীপুমনি, সাবেক আইজিপি এ কে এম শহীদুল হক, এনটিএমসির সাবেক প্রধান জিয়াউল আহসান, সাংবাদিক মোজাম্মেল হক, ফারজানা রুপা, শাহরিয়ার কবির এবং পুলিশের সাবেক ডিআইজি মো. আব্দুল জলিল মণ্ডল। যে-সব সাংবাদিককে এই মামলায় গ্রেফতার দেখানো হয়েছে, তাদের বিরুদ্ধে কী অভিযোগ আনা হয়েছে সংবাদ সম্মেলনে সাংবাদিক ডেভিড বার্গম্যান চিফ প্রসিকিউটরকে এমন প্রশ্ন করেন। এ প্রশ্নের জবাবে চিফ প্রসিকিউটর জানান, সাংবাদিক ফারজানা রুপা সমীকরণ নামে একটি অনুষ্ঠান করেছেন, যাতে শাপলা চত্বরের "ফুটেজ নিয়েছে তারা, কিন্তু প্রকৃত ঘটনা লুকিয়ে সত্যকে বিকৃত করে" প্রচার করা হয়েছে। তবে শাহরিয়ার কবিরের বিরুদ্ধে কী অভিযোগ, সে প্রশ্নের কোনো উত্তর দেননি তিনি। মামলাটির প্রধান আসামি শেখ হাসিনা ও তার মন্ত্রিসভার বাকি কয়েকজন সদস্য, পুলিশ কর্মকর্তাদের অনেকেই পলাতক রয়েছে। মহিউদ্দিন খান আলমগীর, র‍্যাবের তৎকালীন মহাপরিচালক মো. মোখলেছুর রহমান বেনজীর আহমেদ, বিজিবির সাবেক মহাপরিচালক ও সাবেক সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদসহ ৩০ জনের বেশি অভিযুক্ত পলাতক রয়েছে। তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির নির্দেশ দিয়েছে ট্রাইব্যুনাল। এই ঘটনায় তৎকালীন ব্লগার ডা. ইমরান এইচ সরকারের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে উল্লেখ করে চিফ প্রসিকিউটর বলেন, "তিনি শাহবাগে দাঁড়িয়ে এই হেফাজত ইসলাম সম্পর্কে নানান ধরনের অশ্রাব্য বক্তব্য ও কুৎসা রচনা করতেন। তার ইন্ধনে ও প্ররোচনায় পরবর্তীতে এই হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে।" সাবেক আইজিপি হাসান মাহমুদ খন্দকারের নেতৃত্বে পুলিশ "নির্বিচারে লেথাল উইপেন ইউজ করে এই হত্যা করা হয়," বলেন তিনি। সাবেক আইজিপি একেএম শহীদুল হকের কথা উল্লেখ করে জানান, মি. হকের নিজের বইতে হেফাজতকে কীভাবে দমন করা হয়েছে, সেটি বলা হয়েছে। বিজিবির তৎকালীন ডিজি ছিলেন জেনারেল আজিজ আহমেদের (তিনি পরে সেনাপ্রধান হয়েছিলেন) নির্দেশে বিজিবির সদস্যরা এই হত্যাকাণ্ডে অংশ নেয় বলে জানান চিফ প্রসিকিউটর। এই মামলায় ৪১ জন অভিযুক্তের মধ্যে রয়েছেন- অবসরপ্রাপ্ত মেজর জেনারেল জিয়াউল আহসান, সাবেক আইজিপি বেনজীর আহমেদ, সাবেক অ্যাডিশনাল আইজি শেখ মুহাম্মদ মারুফ হাসান, সাবেক অ্যাডিশনাল আইজি মাহবুব হোসেন, পুলিশের স্পেশাল ব্রাঞ্চের সাবেক অতিরিক্ত আইজিপি মো. মনিরুল ইসলাম, অ্যাডিশনাল আইজি মো. আনোয়ার হোসেন। একইসঙ্গে, ক্ষমতাচ্যুতআওয়ামী লীগের সরকারের সময়ে আলোচিত পুলিশ কর্মকর্তা হারুন অর রশিদ, বিপ্লব কুমার সরকারকেও এই মামলায় আসামি করা হয়েছে বলে জানান চিফ প্রসিকিউটর। এছাড়া, ডিআইজি মো. আশরাফুজ্জামান, এসএম মেহেদী হাসান, সৈয়দ নুরুল ইসলাম, পুলিশ সুপার মো. আসাদুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার এস এম শিবলী নোমান এবং পুলিশ পরিদর্শক বি এম ফরমান আলীকে অভিযুক্ত করা হয়েছে। আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের কয়েকজন নেতাকেও অভিযুক্ত করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ নারগীস)

## ট্রাম্পের সাথে বৈঠক করতে যুক্তরাষ্ট্রের পথে নেতানিয়াহু, মূল আলোচ্য বিষয় ইরান

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলেছেন, তিনি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে বৈঠকের উদ্দেশ্যে রওয়ানা হচ্ছেন। ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয় মেয়াদে ক্ষমতা গ্রহণের পর এটি তাদের দু-জনের অষ্টম বৈঠক। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে প্রকাশিত এক বিবৃতিতে নেতানিয়াহু বলেন, বিশ্বের অন্য যে-কোনো নেতার তুলনায় প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে তার সবচেয়ে বেশি বৈঠক হয়েছে। তিনি এটিকে "সম্মানের" এবং "বড়ো দায়িত্বের" বিষয় বলে মনে করেন। নেতানিয়াহু বলেন, বৈঠকে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হবে। তবে ইরানই থাকবে আলোচনার শীর্ষে। নেতানিয়াহুর ভাষায়, "আমাদের লক্ষ্য স্পষ্ট। আর তা হলো ইসরায়েলের নিরাপত্তা নিশ্চিত করা, ইসরায়েলের শক্তি আরও বাড়ানো এবং আমাদের চারপাশে শান্তির পরিধি বাড়ানো।" ইসরায়েলের নিরাপত্তা, শক্তি ও ভবিষ্যৎ নিশ্চিত করার অঙ্গীকার থেকেই এই সফরে যাচ্ছেন বলে তিনি জানান। এছাড়া, সফরের সময় তিনি মার্কিন সেনেটর গ্রাহামের প্রতিও শ্রদ্ধা জানাবেন। নেতানিয়াহু তাকে নিজের এবং ইসরায়েলের "সত্যিকারের বন্ধু" এবং "ইসরায়েলের অন্যতম পরম বন্ধু" বলে অভিহিত করেন। নেতানিয়াহুর দাবি, এই সফরের মাধ্যমে তিনি পুরো ইসরায়েলি জনগণের মনোভাবেরই প্রতিনিধিত্ব করছেন।(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ নারগীস)

## বিক্ষোভকারীদের বিরুদ্ধে মামলা প্রত্যাহার করুন : বিহার, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীদের আহ্বান সিজেপি'র

যে তিনটি প্রতিশ্রুতি পেয়ে আন্দোলন প্রত্যাহার করেছিল ককরোচ জনতা পার্টি তার মধ্যে অন্যতম হলো, বিক্ষোভ প্রদর্শনকারীদের বিরুদ্ধে সব ফৌজদারি মামলা তুলে নেওয়া। প্রতিবাদ কর্মসূচি তুলে নেওয়ার দুইদিন পরে বিহারের মুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরী ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারিকে সমাজমাধ্যমে ট্যাগ করে প্রতিশ্রুতির কথা মনে করিয়ে দিল ককরোচ জনতা পার্টি। সামাজিক মাধ্যম এক্স-এ একটি পোস্ট করে সিজেপি লিখেছে, জেপি নাডডা ও জিতেন্দ্র সিংয়ের দেওয়া প্রতিশ্রুতি ভাঙবেন না। বিক্ষোভকারীদের বিরুদ্ধে ফৌজদারি মামলা প্রত্যাহার করুন। প্রসঙ্গত, বিহার ও পশ্চিমবঙ্গে ধর্মেন্দ্র প্রধানের ইস্তফা চেয়ে যে প্রতিবাদ হয়েছিল, সেখানে বিশৃঙ্খলার ছবি সামনে এসেছে। বিহারে সম্পত্তি তছরুপের ধারায় কয়েকটি মামলা হয়েছে বলে জানা গিয়েছে। অন্যদিকে কলকাতায় সিজেপি ও বামপন্থিদের মিছিল চলাকালীন সাংবাদিকদের উপর আক্রমণের ঘটনায় সাংবাদিকদের অভিযোগের ভিত্তিতে ১৪ জনকে গ্রেফতার করেছে পুলিশ।(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ নারগীস)

## যুক্তরাষ্ট্রের সিয়াটলে ফুড ফেস্টিভ্যালে বন্দুকধারীর হামলায় তিনজন নিহত

যুক্তরাষ্ট্রের সিয়াটলের বার্ষিক ফুড ফেস্টিভ্যাল 'বাইট অব সিয়াটল' এ স্থানীয় সময় আনুমানিক সন্ধ্যা ছয়টার দিকে বন্দুকধারী হামলায় তিনজন নিহত হন। সেই সাথে আহত হয়েছেন অনেক মানুষ। এ ঘটনায় সন্দেহভাজন এক ব্যক্তিকে পুলিশ হেফাজতে নিয়েছে, অন্য আরেকজন সন্দেহভাজন পালিয়ে গেছে। প্রত্যক্ষদর্শীরা জানান, হঠাৎ প্রচণ্ড গোলাগুলি শুরু হলে তারা পালানোর এবং নিরাপদ আশ্রয়ে যাওয়ার আগে পর পর অনেকগুলো গুলির শব্দ শুনতে পান। কয়েকজন পরিস্থিতিটিকে 'সম্পূর্ণ বিশৃঙ্খলা' এবং 'বিপর্যয়কর' বলে বর্ণনা করেছেন। সিয়াটলের সহকারী পুলিশ প্রধান টাইরন ডেভিস জানিয়েছেন, বন্দুকধারীর হামলায় দুইজন ঘটনাস্থলেই মারা গেছেন, অপরজনকে গুরুতর আহত অবস্থায় হার্বারভিউ হাসপাতালে নেওয়ার পর তিনি মারা যান। সিয়াটলের মেয়র কেটি উইলসন এ হামলাকে 'অবিশ্বাস্য এক ট্রাজেডি' বলে বর্ণনা করে বলেছেন, শহরে বন্দুকধারীর হামলা বহুগুন বেড়ে গেছে। সর্বশেষ কয়েকদিনের মধ্যে তিনটি বড়ো বন্দুক হামলার ঘটনা ঘটেছে। সিয়াটলের দমকল বিভাগ নিশ্চিত করেছে যে, ঘটনাস্থল থেকে পাঁচজন আহতের মধ্যে দুই বছরের এক শিশুসহ চার জনকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। সিয়াটল সেন্টারের আশপাশের এলাকা এড়িয়ে চলার জন্য সর্বসাধারণকে আহ্বান জানিয়েছে পুলিশ।
(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## প্রশ্নফাঁস রুখতে ভারতের লোকসভায় বিল পেশ, বিক্ষোভ বিরোধীদের

ভারতের পরীক্ষা ব্যবস্থায় আমূল পরিবর্তন আনতে লোকসভায় আজ একটি নতুন বিল পেশ করেছে নরেন্দ্র মোদীর সরকার। প্রধানমন্ত্রী আগেই জানিয়েছিলেন যে, প্রশ্নফাঁস রুখতে কঠোর পদক্ষেপ নেবে তার সরকার। এমনকি পরীক্ষা ব্যবস্থায় আমূল পরিবর্তন আনার জন্য একটি টাস্ক ফোর্সও তৈরি করা হয়েছে বলে জানান তিনি। তারপর আজ সোমবার পার্লামেন্টে এই বিল পেশ হয়। বিলটির নাম দেওয়া হয়েছে পাবলিক এক্সজামিনেশন (প্রিভেনশন অফ আনফেয়ার মিনস) অ্যামেন্ডমেন্ট বিল, ২০২৬। বিলটি আইনে রুপান্তরিত হলে যে-কোনও পাবলিক পরীক্ষায় প্রশ্নফাঁসে অভিযুক্তদের ১০ বছরের জেল ও ১০ কোটি টাকা পর্যন্ত জরিমানা হতে পারে। ককরোচ জনতা পার্টি ও ছাত্রযুবদের লাগাতার আন্দোলনের ফলে ধর্মেন্দ্র প্রধান শিক্ষামন্ত্রীর পদ থেকে ইস্তফা দেওয়ার পরে দায়িত্ব নিয়েছেন প্রহ্লাদ যোশী। তার পরেই সরকার একের পর এক ব্যবস্থা নেওয়ার কথা জানাচ্ছে। লোকসভায় বিলটি পেশ হতেই বিরোধীদের মধ্যে বিক্ষোভ দেখা দেয়। সংশোধনী বিল নিয়ে যথেষ্ট আলেচনার দাবিতে হট্টোগোলের জেরে সংসদের দুই কক্ষের অধিবেশন মুলতবি হয়ে যায়।(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## দাবানলের আগুনে পুড়ছে ফ্রান্স ও স্পেন

স্পেন ও ফ্রান্সে দাবানল এখনও ভয়াবহ পরিস্থিতি সৃষ্টি করে চলেছে। এ পর্যন্ত তিন লাখেরও বেশি মানুষকে নিজেদের বাড়িঘর ছেড়ে নিরাপদ স্থানে সরে যেতে হয়েছে। ফ্রান্সে আবহাওয়ার পরিস্থিতি স্বাভাবিকের পরিবর্তে আরও খারাপ

হতে পারে। কারণ সপ্তাহজুড়েই দেশটির বেশিরভাগ অঞ্চলে উচ্চচাপ বলয় প্রভাব বিস্তার করবে। ফলে আবহাওয়া শুষ্ক ও স্থিতিশীল থাকার সম্ভাবনা বেশি। সেইসাথে, বৃষ্টির সম্ভাবনা খুবই কম। তবে বিচ্ছিন্নভাবে কোথাও কোথাও হালকা বৃষ্টি বা বজ্রঝড় হতে পারে। মঙ্গলবার দেশটির পশ্চিমাঞ্চলে তাপমাত্রা ৩০ থেকে ৩৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে থাকতে পারে এবং বুধবার কোথাও কোথাও তা ৪০ ডিগ্রি সেলসিয়াসও ছুঁতে পারে। এদিকে, স্পেনের আবহাওয়া অফিস ব্যাপক তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে এবং বলেছে, দেশটির দক্ষিণ-পশ্চিম ও মধ্যাঞ্চল, পাশাপাশি ক্যানারি দ্বীপপুঞ্জে অন্তত রোববার পর্যন্ত পরিস্থিতি একইরকম চলতে পারে। সতর্কবার্তায় বলা হয়েছে, আগামী বুধবারের মধ্যে তাপমাত্রা ৩৯ থেকে ৪১ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছাতে পারে এবং সপ্তাহের শেষ দিকে তা আরও বাড়ার আশঙ্কা রয়েছে। এছাড়া, গুয়াদালকিভির, গুয়াদিয়ানা ও এব্রো উপত্যকাজুড়ে টানা কয়েক দিন তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়ে যেতে পারে। আর, স্পেনে এ সপ্তাহের সবচেয়ে উষ্ণ দিন হতে পারে শুক্রবার। ওইদিন কর্ডোভায় সর্বোচ্চ তাপমাত্রা ৪৪ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছানোর পূর্বাভাস রয়েছে। সেইসাথে, দেশটির তোলেদো, জারাগোজা ও সিউদাদ রিয়ালে হতে পারে প্রায় ৪২ ডিগ্রি সেলসিয়াস।(বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## পুলিশী অভিযান বন্ধ না হলে ফের আন্দোলনের হুঁশিয়ারি ককরোচ পার্টির

আন্দোলনকারীদের বিরুদ্ধে পুলিশী অভিযান বন্ধের বিষয়ে ভারত সরকারের সঙ্গে হওয়া সমঝোতা ভঙ্গের অভিযোগ তুলেছেন ককরোচ জনতা পার্টির (সিজিপি) অন্যতম মুখপাত্র আশুতোষ রাঙ্কা। সোমবার সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে তিনি বিজেপির সভাপতি জে পি নাড্ডা ও কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিংকে উদ্দেশ্য করে লেখেন, বিহার ও বাংলায় শত শত শিক্ষার্থীকে গ্রেফতার করা হয়েছে এবং দিল্লিসহ ভারতের বিভিন্ন রাজ্যে আন্দোলনকারীরা নজরদারি ও হয়রানির শিকার হচ্ছেন। দিল্লিতে আন্দোলনকারীদের সহায়তা করা স্বেচ্ছাসেবকদেরও আটকের খবর পাওয়া যাচ্ছে বলেও দাবি করেন তিনি। আশুতোষ রাঙ্কা দাবি করেন, আন্দোলনকারীদের বিরুদ্ধে দায়ের করা সব এফআইআর অবিলম্বে প্রত্যাহার করতে হবে, গ্রেফতার হওয়া শিক্ষার্থীদের মুক্তি দিতে হবে এবং ভবিষ্যতে দিল্লি পুলিশ, কেন্দ্রীয় তদন্ত সংস্থা বা বিজেপি-শাসিত ও মিত্র রাজ্যগুলোর পুলিশ যেন নতুন কোনো মামলা না করে। তিনি আরও বলেন, "এটি না হলে আমরা আবারও আন্দোলনে নামতে বাধ্য হব।" এছাড়া, আন্দোলনকারীদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ না নেওয়ার বিষয়ে সরকারের সঙ্গে হওয়া লিখিত সমঝোতা এবং তা বাস্তবায়নের সময়সূচি মঙ্গলবারের মধ্যে প্রকাশ করারও দাবি জানান তিনি। (বিবিসি ওয়েব পেজ : ২৭.০৭.২০২৬ নারগীস)

# রেডিও তেহরান

## ভারতের মুসলিম জনসংখ্যা বৃদ্ধি এবং বাংলাদেশি অনুপ্রবেশ ঘিরে বিতর্ক : অর্থনীতিবিদ দেবকার

ভারতে মুসলিম জনসংখ্যা বৃদ্ধি এবং বাংলাদেশ থেকে অবৈধ অনুপ্রবেশকে ঘিরে দীর্ঘদিন ধরে যে রাজনৈতিক বিতর্ক চলে আসছে স্বাধীনতার পর ৭ দশকের জনগণনা ও জাতীয় পরিবার স্বাস্থ্য সমীক্ষার তথ্য বিশ্লেষণ করে তার সাথে বাস্তব জনমিতিক চিত্রের বড়ো ধরনের অমিল তুলে ধরেছেন আন্তর্জাতিক অর্থনীতিবিদ ইয়েল বিশ্ববিদ্যালয়ের ফেলো এবং আন্তর্জাতিক মুদ্রা তহবিলের সাবেক জ্যেষ্ঠ অর্থনীতিবিদ দেবকার। তার বিশ্লেষণে বলা হয়েছে, ভারতে মুসলিম জনসংখ্যা বৃদ্ধিকে কেন্দ্র করে যে জনসংখ্যা কত বিপর্যয় বা সংখ্যাগরিষ্ঠ সংখ্যালঘু অবস্থান বদলে যাওয়ার আশঙ্কা রাজনৈতিকভাবে প্রচার করা হয় জনগণনার তথ্য সেই আশঙ্কাকে সমর্থন করে না। বরং ভারতের সামনে প্রকৃত জনমিতিক সংকট হলো দ্রুত কমে আসা জন্মহার, জনসংখ্যার বার্ধক্য এবং আগামী কয়েক দশকে বিপুলসংখ্যক প্রবীণ নাগরিকের সামাজিক ও রাষ্ট্রীয় সহায়তা প্রয়োজন। দেবকার উল্লেখ করেন, ২০০২ সালের গুজরাট বিধানসভা নির্বাচনের আগে তৎকালীন মুখ্যমন্ত্রী নরেন্দ্র মোদী মুসলিম পরিবারকে ইঙ্গিত করে বিতর্কিত মন্তব্য করেছিলেন। এরপর বিভিন্ন সময়ে বিজেপি নেতা মন্ত্রীদের বক্তব্যে মুসলিম জনসংখ্যা বৃদ্ধি, হিন্দুদের বেশি সন্তান নেওয়ার আহ্বান কিংবা বাংলাদেশি অনুপ্রবেশের অভিযোগ রাজনৈতিক প্রচারণার গুরুত্বপূর্ণ অংশ হয়ে ওঠে। সর্বশেষ ২০২৬ সালে পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের আগে বিজেপি দাবি করে, বাংলাদেশ থেকে দীর্ঘদিন ধরে অবৈধ অনুপ্রবেশের কারণেই রাজ্যে মুসলিম জনসংখ্যা বেড়েছে। কিন্তু জনগণনার তথ্য বিশ্লেষণ করে দেবকার বলেন, এই দাবির পক্ষে পরিসংখ্যানগত কোনো শক্ত প্রমাণ পাওয়া যায় না। তিনি ব্যাখ্যা করেন, ভারতে জনগণনা নাগরিক নয় বরং দেশের প্রতিটি সাধারণ বাসিন্দাকে গণনা করে। অর্থাৎ কোনো ব্যক্তি ৬ মাস বা তার বেশি সময় একটি এলাকায় বসবাস করলে তার নাগরিকত্ব যাই হোক না কেন, তিনি জনগণণার আওতায় আসেন। ফলে বাংলাদেশ থেকে যদি দীর্ঘদিন ধরে লাখ লাখ মানুষ অবৈধভাবে ভারতে এসে বসবাস করতেন, তাহলে সেই প্রভাব জনগণনার মোট জনসংখ্যা, ধর্মীয় অনুপাত এবং সংশ্লিষ্ট রাজ্যের জনসংখ্যা বৃদ্ধির হারে স্পষ্টভাবে প্রতিফলিত হওয়ার কথা। তার মতে, জনগণনা কাউকে নাগরিক হিসেবে চিহ্নিত না করলেও, দেশে কারা বসবাস করছে, তার পূর্ণচিত্র তুলে ধরে। তাই ব্যাপক অবৈধ অভিবাসন হলে, সেটি পরিসংখ্যানে ধরা পড়ারই কথা।

বিশ্লেষণে দেখা যায়, ১৯৯১ সালে ভারতের মোট জনসংখ্যার ৮৪.১ শতাংশ ছিল হিন্দু এবং ৯.৮% ছিল মুসলিম। ২০১১ সালের জনগণনায় হিন্দুদের অনুপাত কমে ৭৯.৮ শতাংশে নেমে এলেও, মুসলিমদের অনুপাত বেড়ে দাঁড়ায় ১৪.২ শতাংশে। তবে দেবকার বলেন, এই পরিবর্তনকে অনেকেই ভুলভাবে এমনভাবে ব্যাখ্যা করেন, যেন ভবিষ্যতে

মুসলিমরা সংখ্যাগরিষ্ঠ হয়ে যাবে। বাস্তবে বিষয়টি সম্পূর্ণ ভিন্ন। কারণ ১৯৯১ সালে হিন্দুদের সংখ্যা মুসলিমদের তুলনায় প্রায় ২৬ কোটি ৮০ লাখ বেশি ছিল। কিন্তু ২০১১ সালে সেই ব্যবধান বেড়ে প্রায় ৭৯ কোটি ৮০ লাখে দাঁড়ায়। অর্থাৎ মুসলিমদের প্রবৃদ্ধির হার তুলনামূলক বেশি হলেও, তাদের প্রাথমিক জনসংখ্যা অনেক ছোটো হওয়ায় হিন্দুদের সঙ্গে ব্যবধান কমেনি বরং আরো বেড়েছে। তার ভাষায়, সংখ্যায় অনেক ছোটো একটি জনগোষ্ঠী কিছুটা বেশি হারে বাড়লেও বাস্তবসম্মত সময়সীমার মধ্যে সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠীকে অতিক্রম করতে পারে না। পশ্চিমবঙ্গে বাংলাদেশি অনুপ্রবেশের দাবিও একইভাবে তথ্যের সঙ্গে মেলে না বলে উল্লেখ করেন তিনি। তার বিশ্লেষণ অনুযায়ী, যদি কয়েক দশক ধরে বাংলাদেশ থেকে ব্যাপক হারে মুসলিম অভিবাসন হয়ে থাকে, তাহলে পশ্চিমবঙ্গে মুসলিম জনসংখ্যার বৃদ্ধির হার ভারতের অন্য রাজ্যগুলোর তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি হওয়ার কথা। কিন্তু ১৯৫১ থেকে ২০১১ সালের জনগণনার তথ্য বলছে, পশ্চিমবঙ্গের মুসলিম জনসংখ্যার বৃদ্ধির হার অন্যান্য অঞ্চলের মুসলিম জনসংখ্যার বৃদ্ধির হারের প্রায় সমান এমনকি সামান্য কম। আরো গুরুত্বপূর্ণ বিষয় হলো, ১৯৫১ সালে ভারতের মোট মুসলিম জনসংখ্যার ১৪.৪ শতাংশ পশ্চিমবঙ্গে বসবাস করত এবং ২০১১ সালেও সেই অনুপাত ছিল ১৪.৩ শতাংশ। অর্থাৎ ৬ দশক ধরে পশ্চিমবঙ্গে ভারতের মোট মুসলিম জনসংখ্যার অংশ প্রায় অপরিবর্তিত থেকেছে। দেবকারের মতে, যদি সত্যিই কোটি কোটি বাংলাদেশি সেখানে স্থায়ীভাবে বসবাস করতেন, তাহলে এই অনুপাত উল্লেখযোগ্যভাবে বেড়ে যাওয়ার কথা ছিল। জনগণনার তথ্য সেই ধরনের কোনো পরিবর্তনের ইঙ্গিত দেয় না। তিনি বলেন, এর অর্থ এই নয় যে, সীমান্ত দিয়ে কখনও অবৈধ অনুপ্রবেশ হয়নি। ভারত বাংলাদেশের দীর্ঘ ও বিস্তৃত সীমান্ত দিয়ে বিচ্ছিন্নভাবে কিছু মানুষ প্রবেশ করেছে এমন সম্ভাবনা উড়িয়ে দেওয়া যায় না। তবে জনগণনা তথ্য থেকে বোঝা যায়, সেই সংখ্যা হাজার বা কয়েক হাজার হতে পারে। কোটি বা লক্ষাধিক মানুষের ধারাবাহিক ঢলের মতো নয়। তার মতে, দীর্ঘদিন ধরে ব্যাপক অবৈধ অভিবাসন ঘটলে তার স্পষ্ট জনমিতির ছাপ জনগণনার তথ্যই পাওয়া যেত। মুসলিম জনসংখ্যার অনুপাত কিছুটা বাড়ার পেছনে প্রকৃত কারণ হিসেবে দেবকার তুলে ধরেছেন, জন্মহারের পার্থক্যকে। জাতীয় পরিবার স্বাস্থ্য সমীক্ষার তথ্য অনুযায়ী

১৯৯২-৯৩ সালে মুসলিম নারীদের মোট প্রজনন হার ছিল প্রায় ৪.৪ সন্তান। যা ২০১৯-২১ সালে কমে দাঁড়িয়েছে ২.৩৬-এ। একই সময় হিন্দু নারীদের প্রজনন হার ৩.৩ থেকে কমে ১.৯৪ হয়েছে। ফলে দুই সম্প্রদায়ের মধ্যে সন্তান জন্মদানের ব্যবধান ১.১ থেকে কমে মাত্র ০.৪-এ নেমে এসেছে। অর্থাৎ মুসলিমদের জন্মহার দ্রুত হ্রাস পাচ্ছে এবং হিন্দুদের জন্মহারের সঙ্গে পার্থক্য ক্রমেই কমে আসছে। জনগণনার তথ্যেও মুসলিম জনসংখ্যা বৃদ্ধির গতি আগের তুলনায় উল্লেখযোগ্যভাবে কমে যাওয়ার প্রমাণ পাওয়া যায়। ফলে ভবিষ্যতে ধর্মীয় জনসংখ্যার অনুপাতও ক্রমশ স্থিতিশীল হবে বলে তিনি মনে করেন। দেবকার আরো বলেন, সাধারণ মানুষের চোখে যে জনসংখ্যাগত পরিবর্তনের ধারণা তৈরি হয়, তা অনেক সময় বাস্তবতার সঙ্গে মেলে না। কলকাতা বা অন্য শহরের কোনো এলাকায় মুসলিম শ্রমিক, ব্যবসায়ী বা বাংলা ভাষাভাষী মানুষের উপস্থিতি দেখে অনেকেই ধরে নেন, তারা বাংলাদেশ থেকে এসেছেন। কিন্তু বাস্তবে তাদের অনেকেই বিহার, ঝাড়খন্ড উত্তরপ্রদেশ কিংবা ভারতের অন্য রাজ্য থেকে কাজের সন্ধানে আসা ভারতীয় নাগরিক। স্থানীয়ভাবে কোনো সম্প্রদায়ের ঘন উপস্থিতিকে জাতীয় পর্যায়ের জনমিতিক পরিবর্তন হিসেবে ব্যাখ্যা করা একটি ভ্রান্ত ধারণা, যা রাজনৈতিক প্রচারণার মাধ্যমে আরো জোরালো হয়ে ওঠে। বিশ্লেষণের শেষ অংশে দেবকার সতর্ক করে বলেন, ভারতের সামনে প্রকৃত চ্যালেঞ্জ মুসলিম জনসংখ্যার বৃদ্ধি নয় বরং দ্রুত বয়স্ক সমাজে পরিণত হওয়া। ভারতের মোট প্রজনন হার ইতোমধ্যেই প্রতিস্থাপন স্তর ২.১-এর নিচে নেমে এসেছে এবং সর্বশেষ সরকারি তথ্য অনুযায়ী তা ১.৯। পশ্চিমবঙ্গে এই হার মাত্র ১.৩, যা দেশের অন্যতম সর্বনিম্ন। জাতিসংঘের পূর্বাভাস অনুযায়ী, ২০৫০ সালের মধ্যে ভারতের ৬০ বছর বা তার বেশি বয়সের মানুষের সংখ্যা মোট জনসংখ্যার ২০ শতাংশের বেশি হবে এবং ২০৪৬ সালের দিকে প্রবীণ মানুষের সংখ্যা শিশুদের সংখ্যাকে ছাড়িয়ে যেতে পারে। একই সময়ে ৮০ বছরের বেশি বয়সি মানুষের সংখ্যা প্রায় তিনগুণ বৃদ্ধি পাবে এবং তাদের বড়ো অংশ হবে নিম্ন আয়ের ও বিধবা নারী। তাই ভারতের উচিত, এখন থেকেই কর্মসংস্থান বৃদ্ধি, শিক্ষা ও দক্ষতা উন্নয়ন, নারীর শ্রম বাজারে অংশগ্রহণ বাড়ানো, স্বাস্থ্য সেবায় বিনিয়োগ, সামাজিক নিরাপত্তা, পেনশন ব্যবস্থা এবং প্রবীণদের জন্য উপযোগী অবকাঠামো গড়ে তোলার দিকে মনোযোগী হওয়া। দেবকারের মতে, সাত দশকের জনগণনা ও স্বাস্থ্য জরিপের তথ্য স্পষ্টভাবে দেখায় যে, ভারতের ধর্মীয় জনসংখ্যায় কিছু পরিবর্তন ঘটলেও, তা মূলত অতীতের জন্মহারের পার্থক্যের ফল এবং সেই ব্যবধান দ্রুত কমে আসছে। অন্যদিকে বাংলাদেশ থেকে ব্যাপক অবৈধ অনুপ্রবেশের যে রাজনৈতিক বয়ান প্রচার করা হয়, জনগণনার তথ্য তার পক্ষে বিশ্বাসযোগ্য কোনো প্রমাণ দেয় না। তার ভাষায়, কাল্পনিক অনুপ্রবেশকারীদের পেছনে রাজনৈতিক শক্তি ব্যয় করে নির্বাচন জেতা সম্ভব হতে পারে। কিন্তু দ্রুত বার্ধক্যের দিকে এগিয়ে যাওয়া একটি দেশের প্রকৃত জনমিতিক সংকট এভাবে সমাধান করা সম্ভব নয়।(রেডিও তেহরান: ২৭.০৭.২০২৬ এলিনা, রুবাইয়া)

## ইরানের বিরুদ্ধে যুদ্ধ নিয়ে ট্রাম্প সরকারের কর্মকর্তারা দিশেহারা : ডেমোক্র্যাট সিনেটর

পার্সটুডে: যুক্তরাষ্ট্রের অ্যারিজোনা অঙ্গরাজ্যের ডেমোক্র্যাট সিনেটর মার্ক কেলি প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নেতৃত্বে ইরানের বিরুদ্ধে পরিচালিত সামরিক অভিযানের সমালোচনা করে বলেছেন, ট্রাম্প প্রশাসনের কর্মকর্তারা এই যুদ্ধ নিয়ে দিশেহারা অবস্থায় রয়েছেন। পার্সটুডে ইরনার বরাতে জানিয়েছে, অ্যারিজোনার ডেমোক্র্যাট সিনেটর মার্ক কেলি এক

সাক্ষাৎকারে বলেছেন, ট্রাম্প প্রশাসন কোনো সুস্পষ্ট কৌশলগত লক্ষ্য ছাড়াই ইরানের বিরুদ্ধে সামরিক আগ্রাসনে জড়িয়ে পড়েছে। তিনি বলেন, "প্রথমে বলা হয়েছিল লক্ষ্য হলো ইরানের রাজনৈতিক ব্যবস্থা পরিবর্তন করা। এরপর বিষয়টি পারমাণবিক অস্ত্রের দিকে যায়, তারপর ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র এবং শেষ পর্যন্ত নৌবাহিনীকে কেন্দ্র করে আলোচনা শুরু হয়। ট্রাম্প প্রশাসনের কর্মকর্তারা ইরানের বিরুদ্ধে যুদ্ধের বিষয়ে দিশেহারা এবং এলোমেলোভাবে এগোচ্ছেন।"

ডেমোক্র্যাট এই সিনেটর ইরানের বিরুদ্ধে সামরিক অভিযানের বিপুল ব্যয়ের প্রসঙ্গ উল্লেখ করে বলেন, যখন যুক্তরাষ্ট্রের সাধারণ মানুষ নিত্যপ্রয়োজনীয় জীবনযাত্রার ব্যয় মেটাতেই হিমশিম খাচ্ছিল, তখন ট্রাম্প দেশকে এই যুদ্ধে জড়িয়ে ফেলেন এবং এর ব্যয় এখনও বাড়ছে। তিনি বলেছেন, এই সামরিক অভিযান মার্কিন জনগণের জন্য একটি বিপর্যয়। তার ভাষায়, "অ্যারিজোনায় প্রতি গ্যালন পেট্রোলের দাম ৪ দশমিক ৫০ ডলারে পৌঁছেছে এবং মানুষ খাদ্যপণ্য ও বাড়িভাড়ার খরচ বহন করতেও হিমশিম খাচ্ছে।" মার্ক কেলি আরও বলেছেন, মার্কিন যুক্তরাষ্ট্রের যুদ্ধমন্ত্রী পিট হেগসেথ একজন অযোগ্য ও দায়িত্ব পালনে অক্ষম ব্যক্তি। তিনি দাবি করেন, মার্কিন গোলাবারুদের মজুত উল্লেখযোগ্যভাবে কমে গেছে এবং সেগুলোর পরিবর্তে নতুন মজুত গড়ে তুলতে কয়েক বছর সময় লাগবে। সাক্ষাৎকারের শেষদিকে, ইরানের বিরুদ্ধে সামরিক অভিযান অব্যাহত রাখতে যুক্তরাষ্ট্রের যুদ্ধ মন্ত্রণালয়ের অতিরিক্ত ৬৭ বিলিয়ন ডলারের বাজেট চাওয়ার বিষয়ে প্রশ্নের জবাবে কেলি বলেন, তিনি এ বিষয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত নেননি। তবে তিনি উল্লেখ করেন, গত পাঁচ বছরে যুদ্ধ মন্ত্রণালয়ের বাজেট দ্বিগুণেরও বেশি বেড়েছে এবং তার মতে, এ ধরনের ব্যয়ের পরিমাণ যৌক্তিক নয়।(রেডিও তেহরান ওয়ে পেজ : ২৭.০৭.২০২৬ নারগীস)

## এনএইচকে

### মধ্যপ্রাচ্যে নিযুক্ত শীর্ষ মার্কিন অধিনায়ক হরমুজ প্রণালিতে হামলা বন্ধের পরামর্শ দিয়েছেন : প্রতিবেদন

একটি মার্কিন সংবাদ মাধ্যম জানিয়েছে যে, মধ্যপ্রাচ্যে নিযুক্ত শীর্ষ মার্কিন সামরিক অধিনায়ক হরমুজ প্রণালি সংলগ্ন এলাকায় বোমা হামলা বন্ধ করার পরামর্শ দিয়েছেন। রবিবার অ্যাক্সিওস দুটি সূত্রের উদ্ধৃতি দিয়ে জানিয়েছে যে, অ্যাডমিরাল ব্র্যাড কুপার পেন্টাগন, জয়েন্ট চিফস এবং হোয়াইট হাউসকে তার সুপারিশ পেশ করেছেন। প্রতিবেদনটিতে বলা হয়েছে, মার্কিন সামরিক সেন্ট্রাল কমান্ড বা সেন্টকমের প্রধান জোর দিয়ে বলেছেন যে, "হরমুজ প্রণালি এলাকায় দুই সপ্তাহব্যাপী হামলা ইরানের জাহাজ আক্রমণের সক্ষমতা উল্লেখযোগ্যভাবে হ্রাস করেছে।" প্রতিবেদনটিতে আরও বলা হয়েছে, "কুপার উল্লেখ করেছেন যে, বোমা হামলার জন্য নির্ধারিত লক্ষ্যবস্তুগুলো প্রায় সবই ধ্বংস করা হয়েছে।" প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়েছে, "সেন্টকমের প্রধান জানান যে, মার্কিন সামরিকবাহিনী চিহ্নিত কিন্তু হামলা না চালানো বাকি ২০ শতাংশ লক্ষ্যবস্তু ধ্বংস করতে পুনরায় বৃহৎ পরিসরে সামরিক অভিযান শুরু করাই হবে পরবর্তী সম্ভাব্য পদক্ষেপ।" তবে প্রতিবেদনে বলা হয়েছে, "বৃহৎ পরিসরে সামরিক অভিযান পুনরায় শুরু করার সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত গত দুই সপ্তাহ ধরে চলা বোমা হামলা অভিযান চালিয়ে যাওয়ার কোনো যুক্তি নেই বলে তিনি জোর দেন।" অ্যাক্সিওস জানিয়েছে, কুপার ও অন্যান্য উপদেষ্টাদের সুপারিশই শুক্রবার ইরানের বিরুদ্ধে মার্কিন হামলা স্থগিত করার বিষয়ে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সিদ্ধান্তকে প্রভাবিত করেছে। রবিবার ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে, দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই বলেছেন, দেশটি যুক্তরাষ্ট্রের সঙ্গে বার্তা বিনিময় করছে। (এনএইচকে ওয়েব পেজ: ২৭.০৭.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে ১৮ মন্ত্রীর এসকর্ট প্রত্যাহার

শপথের পর থেকে পুলিশ প্রহরায় রাজধানীতে চলাচল করা ১৮ মন্ত্রীকে এবার 'এসকর্ট' ছাড়াই চলতে হবে। রাজধানীতে চলাচলের সময় তাদের সামনে থাকা পুলিশের গাড়ি প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এখন কেবল ছয়জন মন্ত্রী ও একজন মন্ত্রী পদমর্যাদার উপদেষ্টা এই সুবিধা পাবেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও ঢাকা মহানগর পুলিশের একাধিক সূত্রের সঙ্গে কথা বলে এই তথ্য জানা গেছে। প্রধানমন্ত্রীর অভিপ্রায়ে স্বরাষ্ট্রমন্ত্রীর নির্দেশে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) এই সিদ্ধান্ত নিয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রগুলো জানিয়েছে। তবে ঢাকার বাইরে সফরে গেলে প্রয়োজন অনুযায়ী সব মন্ত্রীর জন্য পুলিশের প্রহরা ও নিরাপত্তাব্যবস্থা থাকবে। রাজধানীতে এসকর্ট (পুলিশের বিশেষ পাহারা দল) সুবিধা বহাল রয়েছে ছয় মন্ত্রী ও এক উপদেষ্টার। তারা হলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, সমাজকল্যাণ এবং মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন, পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ এবং মন্ত্রী পদমর্যাদার পরিকল্পনা উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর। তবে কোন নিরাপত্তা মূল্যায়ন বা মানদণ্ডের ভিত্তিতে এই সাতজনকে এসকর্ট সুবিধার আওতায় রাখা হয়েছে, সে বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিদের থেকে সুস্পষ্ট কোনো বক্তব্য পাওয়া যায়নি।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৭.২০২৬ রনি)

### স্কুল প্রাঙ্গণে শিক্ষিকার রিল; সংহতি, সমালোচনা

সিলেটের ফেঞ্চুগঞ্জ উপজেলার পিটাইটিকর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা বিউটি রানী পালের একটি ফেসবুক রিল ভিডিও নিয়ে সামাজিক মাধ্যমে আলোচনা-সমালোচনা চলছে। এ ঘটনায় তদন্ত কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা প্রশাসন। স্কুল প্রাঙ্গণে গানের সঙ্গে নিজের ভিডিও ধারণ করা নিয়ে শুরু হয় আলোচনা। কেউ একে ব্যক্তিস্বাধীনতা বলছেন, আবার কেউ একে শিক্ষকের জন্য অশোভন বলে মনে করছেন। এই সমালোচনার প্রতিক্রিয়ায় দেশজুড়ে অনেক সরকারি প্রাথমিক শিক্ষিকা সংহতি জানিয়ে একই গান ব্যবহার করে নিজেদের রিল প্রকাশ করছেন। সরকারি কর্মচারীদের আচরণ নিয়ন্ত্রণে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ প্রযোজ্য। এই বিধিমালায় সরকারি কর্মচারীদের দায়িত্বশীল আচরণ, কর্তব্য পালনে সতর্কতা এবং চাকরির মর্যাদা বজায় রাখার বিষয়ে বিভিন্ন বিধান রয়েছে। তবে এই বিধিমালায় এমন কোনো নির্দিষ্ট বিধান নেই যেখানে বলা হয়েছে, সরকারি কর্মচারীরা গান, নাচ বা সাংস্কৃতিক কর্মকাণ্ডের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করতে পারবেন না। এমনকি সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯-এ সাংস্কৃতিক ভিডিও প্রকাশ নিয়ে সরাসরি কোনো নিষেধাজ্ঞা নেই। তবে অফিস সময়ে তৈরি করা ভিডিওর জন্য, পাঠদানে ব্যাঘাত বা প্রতিষ্ঠানের ভাবমূর্তির ক্ষতি হয়েছে কি না, তা বিবেচ্য হতে পারে বলে জানা যাচ্ছে। শিক্ষাবিদ ও শিক্ষক নেতৃবৃন্দের একাংশ এই তদন্তের সমালোচনা করে বলছেন, আনন্দময় শিখনের অংশ হিসেবে শিক্ষকদের সৃজনশীল কর্মকাণ্ডে নিরুৎসাহিত করা ঠিক নয়।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৭.২০২৬ রনি)

## ওয়েস্ট ব্যাংকে মসজিদ জ্বালিয়ে দিল ইসরায়েলিরা

ওয়েস্ট ব্যাংক বা পশ্চিম তীর দখল করছে ইসরায়েলি নাগরিকেরা। শনিবার ফিলিস্তিনিদের সঙ্গে ইসরায়েলি সেনার ব্যাপক লড়াই হয়। ঘটনায় চার ফিলিস্তিনি এবং দুই ইসরায়েলি সেনা নিহত হন। এরপরেই রোববার ওয়েস্ট ব্যাংকের দুইটি মসজিদে হামলা চালানো হয়। তাতে আগুন লাগিয়ে দেওয়া হয়। শুধু তা-ই নয়, পোড়া মসজিদের গায়ে গ্রাফিতি এঁকে দেওয়া হয়েছে। এই ঘটনার পর ইসরায়েলের সেনা ঘটনাস্থলে যায়, পরে তারা একটি বিবৃতিও প্রকাশ করেছে। বিবৃতিতে বলা হয়েছে, কোনো ধর্মীয়স্থানে এভাবে আক্রমণ চালানো ঠিক নয়। বিষয়টি তদন্ত করে দেখা হবে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ:  ২৭.০৭.২০২৬ রনি)

## দাবানল ছড়িয়ে পড়ছে স্পেন ও ফ্রান্সে

ফ্রান্সের পশ্চিমে বরদু এবং স্পেনের রাজধানী মাদ্রিদের কাছে দাবানল ছড়িয়ে পড়ছে। দুই দেশের প্রশাসনই জানিয়েছে, প্রবল হাওয়ায় আগুন আরো বেশি ছড়াচ্ছে। এখনো পর্যন্ত দুই দেশই আগুন নিয়ন্ত্রণে আনতে পারেনি। স্পেনের প্রধানমন্ত্রী জানিয়েছেন, পরিস্থিতি আরো ভয়াবহ হতে পারে। ফলে উপদ্রুত অঞ্চলের মানুষকে সতর্ক থাকতে বলা হয়েছে। অন্যদিকে ফরাসি স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন, আগুন কীভাবে ছড়াচ্ছে, তা বোঝা যাচ্ছে না। এলোপাথারি হাওয়ায় আগুন বিভিন্ন দিকে ছড়িয়ে পড়ছে। উদ্ধারকাজ চলছে। ফ্রান্সে আড়াই হাজার দমকলকর্মী, দেড় হাজার সেনা এবং ১২০০ পুলিশ আগুন নেভানোর কাজে নেমেছে। এখনো পর্যন্ত দুই লাখ ২০ হাজার মানুষকে বাড়ি থেকে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে বলে জানা গেছে।  (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৭.০৭.২০২৬ রনি)

# জাগো নিউজ

## জাতীয় পর্বের সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের পুরস্কার দিলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২৬'র জাতীয় পর্বের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেছেন। আজ সোমবার (২৭ জুলাই) বিকেলে ঢাকার বাংলাদেশ আর্মি স্টেডিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি-১ জাহিদুল ইসলাম রনি এ তথ্য জানিয়েছেন। 'স্বপ্নের পথে, বিজয়ের সাথে' স্লোগান নিয়ে চলতি বছরের ২ মে শুরু হয় 'নতুন কুঁড়ি স্পোর্টস' প্রতিযোগিতা। এবারের আসরের প্রতিপাদ্য ছিল, 'ক্রীড়া হলে পেশা, পরিবার পাবে ভরসা'। অনুষ্ঠানে যোগ দিতে এসে প্রধানমন্ত্রী তারেক রহমান আর্মি স্টেডিয়ামের পুরো মাঠ প্রদক্ষিণ করেন এবং গ্যালারিতে উপস্থিত শিশু-কিশোরদের অভিবাদনের জবাব দেন। পরে তিনি শিশু-কিশোরদের কাছে গিয়ে তাদের সঙ্গে কুশলবিনিময় ও হাত মেলান। এ সময় উপস্থিত স্কুল শিক্ষার্থীরা উচ্ছ্বাস প্রকাশ করে। প্রধানমন্ত্রী খুদে ক্রীড়াবিদদের বালিকা বিভাগের ফুটবল ফাইনাল এবং বালিকা ও বালকদের ১০০ মিটার স্প্রিন্ট মাঠে বসে উপভোগ করেন। খেলা শেষে তিনি বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। এছাড়া স্কুলশিক্ষার্থীদের মনোজ্ঞ ডিসপ্লেও উপভোগ করেন। গত ২ মে সিলেট জেলা স্টেডিয়ামে আঞ্চলিক পর্বের উদ্বোধনের মধ্যদিয়ে 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২৬'র প্রথম আসরের যাত্রা শুরু হয়। এরপর উপজেলা ও জেলা পর্যায় থেকে ১২ থেকে ১৪ বছর বয়সী প্রায় ১ লাখ ৭০ হাজার খুদে ক্রীড়াবিদ আটটি ডিসিপ্লিনে অংশ নেয়। পরবর্তী সময়ে প্রতিভা বাছাই শেষে জাতীয় পর্বের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## বিপিসি চেয়ারম্যান রেজানুর রহমান হঠাৎ ওএসডি

বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) মো. রেজানুর রহমানকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হয়েছে। রোববার (২৬ জুলাই) রাতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন নিয়োগ-১ শাখার সিনিয়র সহকারী সচিব মু. তানভীর হাসান রুমানের সই করা এক প্রজ্ঞাপনে মো. রেজানুর রহমানকে

জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা করা হয়। তবে, কী কারণে তাকে ওএসডি করা হয়েছে, সে সম্পর্কে নিশ্চিত হওয়া যায়নি। এর আগে, আগের চেয়ারম্যান আমিন উল আহসানকেও ওএসডি করেছিল জনপ্রশাসন মন্ত্রণালয়। জনপ্রশাসন মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, গত ২ ফেব্রুয়ারি রেজানুর রহমানকে বিপিসি চেয়ারম্যান হিসেবে পদায়ন করে প্রজ্ঞাপন করা হয়। এর আগে, তিনি পেট্রোবাংলার চেয়ারম্যান হিসেবে পদায়িত ছিলেন। অতিরিক্ত সচিব রেজানুর রহমান ৫ ফেব্রুয়ারি বিপিসি চেয়ারম্যান হিসেবে আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার গ্রহণ ও যোগদান করেন। আলোচনা উঠেছে, জ্বালানি বেসরকারি খাতে দেওয়া, পরিশোধিত জ্বালানি আমদানির সরবরাহকারী তালিকাভুক্তির শর্ট লিস্টে রাজনৈতিক প্রভাবশালী কয়েকটি প্রতিষ্ঠানকে তালিকায় না রাখা নিয়ে চাপের মধ্যে ছিলেন বিপিসি চেয়ারম্যান। সমালোচনা ছিল, বিপিসির প্রধান কার্যালয় চট্টগ্রামে না করে উল্টো প্রধান কার্যালয় চট্টগ্রাম থেকে ঢাকায় নিয়ে যাওয়ার প্রচেষ্টা ছিল তার। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## চীনা অর্থনৈতিক অঞ্চলে এক বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ হবে : অর্থমন্ত্রী

চট্টগ্রামের আনোয়ারায় গড়ে ওঠা চায়না ইকোনমিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল জোনে (সিইআইজেড) শেষ পর্যন্ত এক বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ হবে বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, এ প্রকল্প শুধু আনোয়ারা নয়, পুরো দক্ষিণ চট্টগ্রামের অর্থনীতিতে ইতিবাচক প্রভাব ফেলবে এবং শিল্পায়নের নতুন দিগন্ত উন্মোচন করবে। সোমবার (২৭ জুলাই) দুপুরে আনোয়ারার বেলচূড়া এলাকায় বাংলাদেশ-চীন অর্থনৈতিক অঞ্চলের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, আজকের এ বিনিয়োগ আমাদের ২০৩৪ সালের মধ্যে ট্রিলিয়ন ডলারের অর্থনীতি গড়ে তোলার লক্ষ্য অর্জনের পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এ উদ্যোগ আমাদের সেই যাত্রাকে আরও এক ধাপ এগিয়ে নিলো। তিনি বলেন, আমরা এক কোটি কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য নির্ধারণ করেছি। এই অর্থনৈতিক অঞ্চলে এক লাখেরও বেশি মানুষের কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। বর্তমানে ৫০০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের কথা বলা হলেও অবকাঠামোসহ সব বিনিয়োগ মিলিয়ে শেষ পর্যন্ত এর পরিমাণ এক বিলিয়ন ডলারেরও বেশি হবে। মন্ত্রী আরও বলেন, এই অর্থনৈতিক অঞ্চলের সুফল শুধু আনোয়ারায় সীমাবদ্ধ থাকবে না। এর মাধ্যমে শক্তিশালী সরবরাহ ব্যবস্থা (সাপ্লাই চেইন) গড়ে উঠবে, বিভিন্ন সেবাখাতের বিকাশ ঘটবে এবং কর্মীদের জন্য আবাসনের ব্যবস্থাও করা হচ্ছে। তিনি বলেন, এ প্রকল্প বাস্তবায়নের ফলে শুধু শিল্পকারখানাই নয়, আবাসন, পরিবহণ, লজিস্টিকস, সেবা খাত এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্যও নতুন সুযোগ সৃষ্টি হবে। এতে দক্ষিণ চট্টগ্রামের সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ডে নতুন গতি আসবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## সংবিধান অনুযায়ী যথাসময়ে রাষ্ট্রপতি নির্বাচন : মির্জা ফখরুল

সংবিধান অনুযায়ী যথাসময়ে রাষ্ট্রপতি নির্বাচন হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী এবং বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সোমবার (২৭ জুলাই) সকালে রংপুর বাস টার্মিনাল এলাকায় অবস্থিত বিআরডিবির বিভাগীয় কার্যালয়ের উদ্বোধন শেষে গণমাধ্যমকে তিনি এ কথা বলেন। মির্জা ফখরুল বলেন, দলীয় সিদ্ধান্ত অনুযায়ী রাষ্ট্রপতি পদে মনোনয়ন দেওয়া হবে। দল যাকে সবচেয়ে যোগ্য, দক্ষ ও দায়িত্বশীল মনে করবে, তাকেই মনোনয়ন দেওয়া হবে। এ বিষয়ে ব্যক্তিগতভাবে আমার কোনো মন্তব্য নেই। বিএনপি পাঁচবার জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হয়ে সরকার গঠন করেছে উল্লেখ করে তিনি বলেন, জনগণের ম্যান্ডেট নিয়েই বিএনপি রাষ্ট্র পরিচালনা করেছে, কোনো ধরনের জুলুম বা ফ্যাসিবাদী কায়দায় ক্ষমতায় আসেনি। তাই বিএনপিকে ফ্যাসিবাদী দল বলা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। যারা বিএনপিকে ফ্যাসিবাদ বলে, তাদের জ্ঞানের অভাব রয়েছে। বিএনপি গণতান্ত্রিক দল। আর জামায়াতে ইসলামী গণতান্ত্রিক দল কি না, তা তাদের দলের নেতারাই বিবেচনা করবেন। স্থানীয় সরকার নির্বাচন প্রসঙ্গে সাংবাদিকদের আরেক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, স্থানীয় সরকার নির্বাচনে প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা নির্ধারণ এবং বেসরকারি চাকরিজীবীদের প্রার্থী হওয়ার বিষয়ে নির্বাচন কমিশন কিছু পরিকল্পনা করছে। এটি নির্বাচন কমিশনের নিজস্ব বিষয়। এ প্রক্রিয়ায় বিএনপি কোনো ধরনের হস্তক্ষেপ করছে না। এসময় বিভাগীয় কমিশনার মোহাম্মদ শহিদুল ইসলাম, রংপুর উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান সামসুজ্জামান সামু, জেলা পরিষদের প্রশাসক সাইফুল ইসলাম উপস্থিত ছিলেন। এরপর মন্ত্রী রংপুর পাবলিক লাইব্রেরি প্রাঙ্গণে পল্লীমেলার উদ্বোধন শেষে স্টল পরিদর্শন করেন। পরে তিনি বিআরডিবির সুফলভোগীদের মধ্যে গাছের চারা ও ঋণের চেক বিতরণ অনুষ্ঠানে যোগদান দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## গ্যাস সংকটে নাকাল জনজীবন, রান্না করতে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা

গত এক সপ্তাহেরও বেশি সময় ধরে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে তীব্র গ্যাস সংকট। বাসাবাড়িতে গ্যাসের চাপ কমে যাওয়ায় রান্নাবান্না করতে চরম ভোগান্তিতে পড়েছেন সাধারণ মানুষ। বিশেষ করে গৃহিণীদের দৈনন্দিন জীবনযাত্রায় নেমে এসেছে দুর্ভোগ। অনেক এলাকায় দিনের অধিকাংশ সময় চুলায় গ্যাসের চাপ থাকছে না। কোথাও কোথাও সামান্য গ্যাস এলেও তা দিয়ে রান্না করা প্রায় অসম্ভব হয়ে পড়েছে। ফলে ভাত, তরকারি কিংবা নিত্যপ্রয়োজনীয় খাবার রান্না করতে ঘণ্টার পর ঘণ্টা সময় লাগছে। সোমবার (২৭ জুলাই) রাজধানীর বিভিন্ন এলাকায় খোঁজ নিয়ে এমন চিত্র দেখা গেছে। বাসিন্দারা জানান, গ্যাসের চাপ এতটাই কম যে. চুলা জ্বালিয়ে রান্না শুরু করলেও

বারবার আগুন নিভে যাচ্ছে। কখন গ্যাসের চাপ কিছুটা বাড়বে, সেই অপেক্ষায় থাকতে হচ্ছে। এতে রান্নার পাশাপাশি পরিবারের অন্যান্য কাজও ব্যাহত হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## দেশে উগ্রবাদ মাথাচাড়া দেওয়ার আশঙ্কা নেই : সিটিটিসি প্রধান

দেশে বর্তমানে উগ্রবাদ মাথাচাড়া দেওয়ার মতো কোনো আশঙ্কা নেই বলে জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিটের প্রধান অতিরিক্ত পুলিশ কমিশনার মোহাম্মদ শামসুল হক। তিনি বলেন, উগ্রবাদী কর্মকাণ্ড প্রতিরোধে অনলাইন, সামাজিক যোগাযোগমাধ্যম, গোয়েন্দা তথ্য ও নিজস্ব ডাটাবেসের মাধ্যমে সার্বক্ষণিক নজরদারি চালানো হচ্ছে। সোমবার (২৭ জুলাই) ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান সিটিটিসি প্রধান। ৫ আগস্ট পরবর্তী সময়ে অন্তবর্তীকালীন সরকার দেশে কোনো জঙ্গিবাদ নেই বলে বারবার দাবি করেছে। অথচ জঙ্গিবাদ দমনে বিশেষায়িত ইউনিট হিসেবে সিটিটিসি গঠনের পরও কেরানীগঞ্জসহ বিভিন্ন স্থানে বোমা বিস্ফোরণ এবং সর্বশেষ মতিঝিলে ছাতার ভেতর বোমা সদৃশ বস্তু উদ্ধারের ঘটনা ঘটেছে। এসব বিষয়কে সিটিটিসি কীভাবে দেখছে এবং বোমা বিস্ফোরণের ঘটনাগুলোর তদন্তে উগ্রবাদের কোনো সংশ্লিষ্টতা পাওয়া গেছে কি না- সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে সিটিটিসি প্রধান বলেন, সিটিটিসি ইউনিটের বেশ কয়েকটি বিভাগ রয়েছে। এর মধ্যে একটি বিভাগ কাউন্টার টেরোরিজম। এ ছাড়া আরও কয়েকটি বিভাগ রয়েছে, যারা নিজ নিজ ক্ষেত্রে কাজ করছে। তিনি বলেন, উগ্রবাদী কর্মকাণ্ডের ওপর অনলাইন, সামাজিক যোগাযোগমাধ্যম ও নিজস্ব ডাটাবেসের মাধ্যমে সার্বক্ষণিক নজরদারি অব্যাহত রয়েছে। কোনো তথ্য পাওয়া মাত্রই অভিযান পরিচালনা করা হচ্ছে। উগ্রবাদী কর্মকাণ্ড নিয়ন্ত্রণে রাখতে সিটিটিসি সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## ৩০ জুলাই দিনব্যাপী সিএনজি স্টেশন বন্ধের কর্মসূচি প্রত্যাহার

দেশজুড়ে গ্যাস সংকটের কারণে বৃহস্পতিবারের (৩০ জুলাই) দিনব্যাপী সিএনজি স্টেশন বন্ধের কর্মসূচি প্রত্যাহার করেছে বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন অ্যান্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স অ্যাসোসিয়েশন। সোমবার (২৭ জুলাই) তারা এ ঘোষণা দেয়। তবে কমিশন বৃদ্ধির দাবি না মানলে আগামী ২৩ আগস্ট থেকে দেশজুড়ে অনির্দিষ্টকালের জন্য সিএনজি ফিলিং স্টেশন বন্ধের সিদ্ধান্ত বহাল থাকবে বলেও জানায় তারা। এর আগে, গত ২১ জুলাই বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন অ্যান্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স অ্যাসোসিয়েশন এক সংবাদ সম্মেলনে সিএনজি বিক্রিতে কমিশন বৃদ্ধি, স্বয়ংক্রিয় কমিশন সমন্বয়সহ চার দফা দাবি উত্থাপন করেছিল। ওই সময় নেতারা বলেন, ২০১৫ সালের ১ সেপ্টেম্বর থেকে প্রতি ঘনমিটার সিএনজি বিক্রিতে কমিশন ৮ টাকায় স্থির রয়েছে। অথচ গত প্রায় ১১ বছরে বিদ্যুৎ ও গ্যাসের দাম একাধিকবার বেড়েছে। একইসঙ্গে মূল্যস্ফীতি, শ্রমিকের মজুরি, ব্যাংক গ্যারান্টি কমিশন, ঋণের সুদ, ডলারের বিনিময় হার এবং স্টেশন পরিচালনার অন্যান্য ব্যয় কয়েক গুণ বৃদ্ধি পেয়েছে। ফলে অধিকাংশ স্টেশন লোকসানে পরিচালিত হচ্ছে। সংগঠনটির চার দফা দাবির মধ্যে রয়েছে- প্রতি ঘনমিটার সিএনজি বিক্রিতে কমিশন ৮ টাকা থেকে বাড়িয়ে অন্তত ১৩ টাকা ৯৬ পয়সা নির্ধারণ, ভবিষ্যতে জ্বালানির মূল্যবৃদ্ধি পেলে স্বয়ংক্রিয়ভাবে কমিশন সমন্বয়ের ব্যবস্থা চালু করা, গ্যাসের মূল্যবৃদ্ধির কারণে পুরোনো গ্রাহকদের কাছ থেকে অতিরিক্ত জামানত নেওয়ার প্রথা বাতিল এবং সড়ক ও জনপথ বিভাগের ভূমি ইজারাসহ বিভিন্ন সরকারি সংস্থার লাইসেন্স ও নবায়ন ফি যৌক্তিক পর্যায়ে নামিয়ে আনা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## চাকরি হারানো পুলিশ সদস্যদের পুনর্বহালের দাবি

আওয়ামী লীগ সরকারের আমলে বিভিন্ন অপরাধে চাকরি হারানো পুলিশ সদস্যরা তাদের চাকরি ফেরত পাওয়ার দাবি জানিয়েছেন। এজন্য তারা প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন। সোমবার (২৭ জুলাই) সকালে রাজধানীর জাতীয় প্রেসক্লাবের সামনে তারা মানববন্ধনে এ দাবি জানান। পুলিশ সদস্যরা বলেন, আজ আমরা অত্যন্ত ভারাক্রান্ত মন কিন্তু বুকে একরাশ আশা নিয়ে আপনাদের সামনে দাঁড়িয়েছি। আমরা সেই ১৫২২ জন পুলিশ কর্মকর্তা ও কর্মচারীর প্রতিনিধি, যারা বিগত সরকারের অন্যায্য রাজনৈতিক প্রতিহিংসা ও স্বৈরাচারী সিদ্ধান্তের শিকার হয়ে নিজেদের চাকরি হারিয়েছিলাম। কোনো ধরনের সুনির্দিষ্ট অপরাধ ছিল না, ছিল না কোনো সুষ্ঠু বিভাগীয় তদন্ত। শুধু রাজনৈতিক উদ্দেশ্য হাসিল এবং ভিন্ন মতকে দমন করার লক্ষ্যে আমাদের মতো শত শত সৎ, যোগ্য ও দেশপ্রেমিক পুলিশ সদস্যকে অন্যায়ভাবে চাকরিচ্যুত ও বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়েছিল। তারা আরও বলেন, স্বৈরাচারী সরকারের পতনের পর অন্তবর্তীকালীন সরকারের সময়ে আমরা যখন ন্যায়বিচার চেয়ে আবেদন জানাই। তখন স্বরাষ্ট্র মন্ত্রণালয় মানবিক দিক বিবেচনা করে আমাদের চাকরিচ্যুত সদস্যদের পুনর্বহালের পক্ষে ইতিবাচক সিদ্ধান্ত ও আদেশ দিয়েছিল। শুধু তাই নয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সেই আদেশের প্রেক্ষিতে পুলিশ হেডকোয়ার্টার্স একজন ডিআইজির নেতৃত্বে ১০ সদস্য বিশিষ্ট একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করে। এই কমিটি দীর্ঘ ছয় মাস ধরে বিভিন্ন সভা ও গভীর পর্যালোচনা শেষে ৪টি সুনির্দিষ্ট সুপারিশ প্রদান করে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## জাতীয় সংসদের সাউন্ড সিস্টেম প্রতিস্থাপনে উচ্চপর্যায়ের সভা

জাতীয় সংসদের সাউন্ড সিস্টেম প্রতিস্থাপনের বিষয়ে উচ্চপর্যায়ের সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৭ জুলাই) সকালে জাতীয় সংসদ ভবনের মন্ত্রিপরিষদ সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। জাতীয় সংসদের ভারপ্রাপ্ত স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সভাপতিত্বে সভায় প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান, বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান, গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী জাকারিয়া তাহের, আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান, সরকারদলীয় চিফ হুইপ নূরুল ইসলাম মনি, বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম এবং সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি সুজাউদ্দৌলা সুজন মাহমুদ এসব তথ্য জানিয়েছেন। সভায় জাতীয় সংসদের বিদ্যমান সাউন্ড সিস্টেম প্রতিস্থাপনের লক্ষ্যে বিশ্বের আধুনিক প্রযুক্তিনির্ভর বিভিন্ন সাউন্ড সিস্টেম সম্পর্কে একটি বিস্তারিত উপস্থাপনা দেওয়া হয়। এ সময় গণপূর্ত অধিদপ্তর সম্ভাব্য প্রযুক্তিগত বিকল্প, কারিগরি সক্ষমতা এবং বাস্তবায়ন পরিকল্পনা তুলে ধরে। উপস্থাপনায় আধুনিক সাউন্ড সিস্টেমের প্রযুক্তিগত বৈশিষ্ট্য, কার্যকারিতা এবং জাতীয় সংসদের কার্যক্রমের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। এ বিষয়ে উপস্থিত অতিথিরা তাদের মতামত ও প্রয়োজনীয় দিক-নির্দেশনা দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## মালদ্বীপের স্বাধীনতা দিবসের কুচকাওয়াজে বিশেষ অতিথি খলিলুর রহমান

মালদ্বীপের স্বাধীনতার ৬১তম বার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত বর্ণাঢ্য স্বাধীনতা দিবসের কুচকাওয়াজে বিশেষ অতিথি হিসেবে অংশ নিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। সোমবার (২৭ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মো. কামরুল ইসলাম ভুঁইয়া এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন। বিজ্ঞপ্তিতে বলা হয়, রোববার মালদ্বীপের রাজধানী মালের রিপাবলিক স্কয়ারে অনুষ্ঠিত স্বাধীনতা দিবসের কুচকাওয়াজে মালদ্বীপ সরকারের বিশেষ অতিথি হিসেবে যোগ দেন ড. খলিলুর রহমান। অনুষ্ঠানে তাকে স্বাগত জানান মালদ্বীপের পররাষ্ট্রমন্ত্রী ইরুথিশাম আদম। কুচকাওয়াজে মালদ্বীপ ন্যাশনাল ডিফেন্স ফোর্সের (এমএনডিএফ) বিভিন্ন শাখার সদস্যরা আনুষ্ঠানিক মার্চপাস্ট ও বিভিন্ন কুচকাওয়াজ প্রদর্শন করেন। এতে দেশটির শৃঙ্খলা, ঐতিহ্য এবং জাতীয় গৌরবের প্রতিফলন ঘটে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## ঢাকায় ২৪ ঘণ্টায় গ্রেফতার ৪৬০, সর্বোচ্চ মিরপুরে

ঢাকা মহানগর পুলিশের নিয়মিত অভিযানে গত ২৪ ঘণ্টায় ৪৬০ জন গ্রেফতার হয়েছে। একই সময়ে ২৫টি মামলা দায়ের করা হয়েছে। সোমবার (২৭ জুলাই) ডিএমপির অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (মিডিয়া) নিয়াজ মেহেদী এ তথ্য জানান। তিনি জানান, গ্রেফতারদের মধ্যে রমনা বিভাগ ৩২ জন, লালবাগ বিভাগ ২৯ জন, ওয়ারী বিভাগ ৫০ জন, মতিঝিল বিভাগ ৭৯ জন, তেজগাঁও বিভাগ ৬১ জন, মিরপুর বিভাগ ৯৯ জন, গুলশান বিভাগ ৪৫ জন, উত্তরা বিভাগ ৬১ জন ও গোয়েন্দা বিভাগ ৪ জনকে গ্রেফতার করে। এসময় তাদের কাছ থেকে ২ কেজি ২৮০ গ্রাম গাঁজা, ১০১২৭ পিস ইয়াবা, ১টি মোটরসাইকেল, ৯টি মোবাইল ফোন, ৩টি চাকু, ১টি কাচি ও ১ জন ভুক্তভোগীকে উদ্ধার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## ধর্ষণ মামলায় ওএসডি অতিরিক্ত ডিআইজির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

বিয়ের প্রলোভন দেখিয়ে ধর্ষণের অভিযোগে দায়ের করা মামলায় বর্তমানে ওএসডিপ্রাপ্ত অতিরিক্ত ডিআইজি এবং মাগুরার সাবেক পুলিশ সুপার (এসপি) মোহাম্মদ জহিরুল ইসলামের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন ট্রাইব্যুনাল। সোমবার (২৭ জুলাই) ঢাকার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১-এর বিচারক মুনতাসির আহমেদ শুনানি শেষে এ আদেশ দেন। বাদীপক্ষের আইনজীবী অ্যাডভোকেট মো. আজমত হোসাইন জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন। আদালত সূত্রে জানা যায়, মামলার তদন্তকারী কর্মকর্তা সম্প্রতি অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়ার কথা উল্লেখ করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। সোমবার ওই প্রতিবেদন গ্রহণের বিষয়ে শুনানির জন্য দিন ধার্য ছিল। তবে, আসামি আদালতে উপস্থিত না হওয়ায় ট্রাইব্যুনাল তদন্ত প্রতিবেদন আমলে নিয়ে তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন। মামলার অভিযোগে বলা হয়েছে, ২০২১ সালের জানুয়ারিতে মাগুরার পুলিশ সুপার হিসেবে দায়িত্ব পালনকালে বাদীর সঙ্গে মোহাম্মদ জহিরুল ইসলামের পরিচয় হয়। পরে বিভিন্ন অজুহাতে তাকে অফিসে ডেকে ব্যক্তিগত সম্পর্ক গড়ে তোলেন। এক পর্যায়ে নিজের সাবেক স্ত্রীকে তালাক দিয়ে বাদীকে বিয়ে করবেন বলে আশ্বাস দেন। অভিযোগে আরও বলা হয়, ২০২১ সালের ১৪ ফেব্রুয়ারি মাগুরার সরকারি বাংলোয় বাদীকে নাকফুল পরিয়ে সম্পর্কের আনুষ্ঠানিকতা প্রকাশ করেন তিনি। একই বছরের ৮ মার্চ বাদী অসুস্থ হয়ে ঢাকার একটি হাসপাতালে ভর্তি হলে জহিরুল ইসলাম নিজেকে তার স্বামী পরিচয় দিয়ে চিকিৎসার ব্যবস্থা করেন। এরপর বিয়ের প্রতিশ্রুতি ও মিথ্যা আশ্বাস দিয়ে মাগুরার সরকারি বাংলো, অফিসের বিশ্রামাগার এবং ঢাকায় বাদীর বাসায় একাধিকবার শারীরিক সম্পর্ক স্থাপন করেন বলে মামলায় অভিযোগ করা হয়েছে। অভিযোগে বলা হয়, পরে পুলিশ সদর দপ্তরে বদলি হলেও তিনি বিয়ের প্রতিশ্রুতি দিয়ে সম্পর্ক বজায় রাখেন। কিন্তু ২০২৫ সালের ১৩ জুলাই বাদী বিয়ের বিষয়ে চাপ দিলে তিনি বিয়ে করতে অস্বীকৃতি জানান এবং আইনগত ব্যবস্থা নিলে ক্ষতির হুমকি দেন। এ ঘটনায় ২০২৫ সালের ১৫ জুলাই ভাটারা থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়। একই সময়ে পুলিশ মহাপরিদর্শকের (আইজিপি) কাছেও লিখিত অভিযোগ দেওয়া হয়। পরে আত্মীয়-স্বজনের মাধ্যমে সমাধানের চেষ্টা ব্যর্থ হলে চলতি বছরের ১৫ মার্চ ঢাকার জজ আদালত প্রাঙ্গণে আবারও বিয়ে করতে অস্বীকৃতি জানিয়ে হুমকি দেওয়া হয় বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে।

এরপর গত ২০ মে ঢাকার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১-এ মামলাটি দায়ের করা হলে আদালত তা আমলে নিয়ে বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## জাতীয় অধ্যাপক হলেন অর্থনীতিবিদ ড. মাহবুব উল্লাহ

প্রখ্যাত অর্থনীতিবিদ, শিক্ষাবিদ, রাজনৈতিক বিশ্লেষক এবং ষাটের দশকের ছাত্রনেতা অধ্যাপক ড. মাহবুব উল্লাহকে জাতীয় অধ্যাপক হিসেবে নিয়োগ দিয়েছে সরকার। নিয়োগের তারিখ থেকে আগামী পাঁচ বছরের জন্য তিনি এ পদে নিয়োগ পেয়েছেন। সোমবার (২৭ জুলাই) বিকেলে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। প্রজ্ঞাপনে বলা হয়েছে, জাতীয় অধ্যাপক হিসেবে দায়িত্ব পালনকালে তিনি সরকারি কর্মকর্তা হিসেবে বিবেচিত হবেন না। তিনি কোনো গবেষণা সংস্থা বা শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে সম্পৃক্ত থেকে নিজের পছন্দের বিষয়ে গবেষণা পরিচালনা করবেন এবং গবেষণার ক্ষেত্র সম্পর্কে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) অবহিত করবেন। এছাড়া তিনি যে প্রতিষ্ঠান বা গবেষণা সংস্থার সঙ্গে যুক্ত থাকবেন, সেখানে শিক্ষা ও গবেষণা কার্যক্রমের বার্ষিক অগ্রগতি প্রতিবেদন জমা দেবেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানও তার গবেষণার অগ্রগতি সম্পর্কে ইউজিসির চেয়ারম্যানকে অবহিত করবেন এবং গবেষণালব্ধ ফলাফল শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসিতে পাঠাবেন। প্রজ্ঞাপনে আরও বলা হয়, জাতীয় অধ্যাপক হিসেবে দায়িত্ব পালনকালে তিনি জাতীয় বেতন স্কেল-২০১৫-এর গ্রেড-১ অনুযায়ী বেতন-ভাতা ও অন্যান্য সুবিধা পাবেন। তবে এ সময় তিনি অন্য কোনো বেতনভুক্ত চাকরিতে যুক্ত হতে পারবেন না। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## সাগর উত্তাল, সব সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপটি গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। নিম্নচাপটি এখন উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের কাছে ভারতের পশ্চিমবঙ্গ ও উড়িষ্যা উপকূলের কাছে অবস্থান করছে। নিম্নচাপের প্রভাবে সাগর উত্তাল রয়েছে। বাংলাদেশের উপকূলীয় এলাকায় দমকা অথচা ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। এরই পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরসমূহকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। একইসঙ্গে উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সব মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে। বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপটি গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। নিম্নচাপটি এখন উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের কাছে ভারতের পশ্চিমবঙ্গ ও উড়িষ্যা উপকূলের কাছে অবস্থান করছে। নিম্নচাপের প্রভাবে সাগর উত্তাল রয়েছে। বাংলাদেশের উপকূলীয় এলাকায় দমকা অথচা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এরই পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরসমূহকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## ২৯ জুলাইয়ের মধ্যে যোগদানের আশ্বাস না পেলেই ফের আন্দোলন

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে চূড়ান্তভাবে নির্বাচিত হয়ে সুপারিশপ্রাপ্ত ১৪ হাজার ৩৮৪ জন আবারও আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছেন। তারা বলেছেন, ২৯ জুলাইয়ের মধ্যে নিয়োগের বিষয়ে লিখিত বক্তব্য বা নির্দিষ্ট সময়সূচি না পেলে তারা রাজপথে নামবেন। সোমবার (২৭ জুলাই) বিকেলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সামনে এক সংবাদ সম্মেলনে নিয়োগপ্রত্যাশীরা এসব কথা বলেন। তারা বলেন, নিয়োগের বিষয়ে তারা বারবার মৌখিক আশ্বাস পেয়েছেন। কিন্তু এখনো নিয়োগ হয়নি। ফলে চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পরও তারা অনিশ্চয়তায় রয়েছেন। সংবাদ সম্মেলনের আগে তাদের একটি প্রতিনিধিদল প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শাহীনা ফেরদৌসীর সঙ্গে সাক্ষাৎ করেন। পরে সংবাদ সম্মেলনে তারা জানান, মহাপরিচালক তাদের বলেছেন, ২৯ জুলাই তিনি প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজের সঙ্গে বৈঠক করবেন। সেখানে নিয়োগের বিষয়টি উপস্থাপন করা হবে। নিয়োগপ্রত্যাশীরা বলেন, ২৯ জুলাইয়ের মধ্যে নিয়োগের বিষয়ে লিখিত কোনো বক্তব্য বা নির্দিষ্ট তারিখ না পেলে আমরা আবারও রাজপথে নামতে বাধ্য হবো। আমরা রাস্তায় আসতে চাই না, ক্লাসরুমে থাকতে চাই। কিন্তু আমাদের পিঠ দেয়ালে ঠেকে গেছে। চলতি বছরের ৯ জানুয়ারি দেশের ৬১ জেলায় (পার্বত্য তিন জেলা ছাড়া) একযোগে সহকারী শিক্ষক নিয়োগে লিখিত পরীক্ষা (এমসিকিউ টাইপ) অনুষ্ঠিত হয়। এত উত্তীর্ণ ৬৯ হাজার ২৬৫ জন প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত করা হয়। গত ৮ ফেব্রুয়ারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের চূড়ান্ত ফল প্রকাশ করা হয়। এতে ১৪ হাজার ৩৮৪ জন প্রার্থীকে নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচন করা হয়। তাতে জেলাভিত্তিক উত্তীর্ণ প্রার্থীদের তালিকাও প্রকাশ করা হয়। লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সব প্রক্রিয়া শেষ করলেও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগে চূড়ান্ত সুপারিশপ্রাপ্ত শিক্ষকরা এখনো যোগদান করতে পারেননি। গত এপ্রিলের শেষ দিকে রাজধানীতে আন্দোলনে নামেন তারা। এরপর তাদের প্রশিক্ষণসহ কিছু শর্তে যোগদান করানো হবে বলে জানান শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## হেমায়েতপুর ও ভাটারা অংশের কাজ পাচ্ছে চীনা প্রতিষ্ঠান, বাড়ছে ব্যয়

রাজধানীর যানজট নিরসন এবং আধুনিক গণপরিবহণ ব্যবস্থা গড়ে তুলতে বাস্তবায়নাধীন মেট্রোরেল লাইন-৫ (নর্দার্ন রুট) প্রকল্পের উড়াল অংশ নির্মাণে ২ হাজার ৬৭১ কোটি টাকা ব্যয় ধরা হচ্ছে। চীনের তিন প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগকে এই কাজ দেওয়ার উদ্যোগ নিয়েছে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ। সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির আগামী বৈঠকে এ সংক্রান্ত ক্রয় প্রস্তাব উপস্থাপন করা হতে পারে। বাংলাদেশ সরকার ও জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) যৌথ অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়ন হচ্ছে। সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রকল্পের (লাইন-৫: নর্দান রুট) তৃতীয় নির্মাণ প্যাকেজের আওতায় হেমায়েতপুর থেকে আমিনবাজার পর্যন্ত প্রায় ৫ দশমিক ৬ কিলোমিটার এবং নতুনবাজারের পর থেকে ভাটারা পর্যন্ত প্রায় শূন্য দশমিক ৯ কিলোমিটার, অর্থাৎ মোট ৬ দশমিক ৫ কিলোমিটার উড়াল মেট্রোরেল লাইন নির্মাণ করা হবে। একই সঙ্গে হেমায়েতপুর, বলিয়ারপুর, বিলামালিয়া, আমিনবাজার ও ভাটারায় পাঁচটি উড়াল স্টেশন নির্মাণ করা হবে। মেট্রোরেল লাইন-৫ (নর্দার্ন রুট) প্রকল্পটি ২০১৯ সালের ১৫ অক্টোবর জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটিতে অনুমোদিত হয়। পরে একই বছরের ২০ নভেম্বর প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়। প্রকল্পটির মোট ব্যয় ধরা হয়েছে ৪১ হাজার ২৩৮ কোটি ৫৪ লাখ ৭৭ হাজার টাকা। এর মধ্যে সরকারি অর্থায়ন ১২ হাজার ১২১ কোটি ৪৯ লাখ ৬৭ হাজার টাকা এবং জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) ঋণ ২৯ হাজার ১১৭ কোটি ৫ লাখ ১০ হাজার টাকা। প্রকল্পের মেয়াদ ২০১৯ সালের ১ জুলাই থেকে ২০২৮ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত। এই প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ঢাকার যানজট কমানো, পরিবেশের উন্নয়ন এবং দ্রুতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময়সাশ্রয়ী, বিদ্যুৎচালিত ও পরিবেশবান্ধব আধুনিক গণপরিবহণ ব্যবস্থা চালু করা সম্ভব হবে। পুরো প্রকল্পের দৈর্ঘ্য ২০ কিলোমিটার। এর মধ্যে ১৩ দশমিক ৫ কিলোমিটার পাতালপথ এবং ৬ দশমিক ৫ কিলোমিটার উড়ালপথ। মোট ১৪টি স্টেশনের মধ্যে ৯টি পাতাল এবং ৫টি উড়াল স্টেশন নির্মাণ করা হবে। পুরো প্রকল্পের কাজ ১০টি নির্মাণ প্যাকেজে সম্পন্ন হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে ডেঙ্গুতে আরও এক নারীর মৃত্যু, আক্রান্ত ২৭

চট্টগ্রামে ডেঙ্গু আক্রান্ত হয়ে নুরজাহান বেগম (৬০) নামের এক নারীর মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর এই জেলায় ডেঙ্গুতে মৃতের সংখ্যা বেড়ে তিনজনে দাঁড়িয়েছে। একই সময়ে নতুন করে আরও ২৭ জন ডেঙ্গুতে আক্রান্ত হয়েছে। সোমবার (২৭ জুলাই) জেলা সিভিল সার্জন কার্যালয়ের প্রকাশিত ডেঙ্গু পরিস্থিতি-সংক্রান্ত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদন অনুযায়ী, নগরের পাঁচলাইশ এলাকার বাসিন্দা নুরজাহান বেগমকে রোববার (২৬ জুলাই) নগরের একটি বেসরকারি হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। চিকিৎসকদের ভাষ্য, ডেঙ্গুর পাশাপাশি উচ্চ রক্তচাপজনিত (এইচটিএন) জটিলতায় তার শরীরে মাল্টি অর্গান ডিসফাংশন সিনড্রোম (এমওডিএস) দেখা দেওয়ায় মৃত্যু হয়েছে। সর্বশেষ তথ্য অনুযায়ী, চট্টগ্রামের বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতালে বর্তমানে ৯৯ জন ডেঙ্গু রোগী চিকিৎসাধীন রয়েছেন। এর মধ্যে সরকারি হাসপাতালে ৭৭ জন এবং বেসরকারি হাসপাতালে ২২ জন ভর্তি আছেন। চলতি বছরের ১ জানুয়ারি থেকে ২৭ জুলাই পর্যন্ত জেলায় মোট ডেঙ্গু আক্রান্ত হয়েছেন ৭৫৫ জন। আক্রান্তদের মধ্যে ৪৩৯ জন পুরুষ, ১৯১ জন নারী এবং ১২৫ জন শিশু। স্বাস্থ্য বিভাগ জানিয়েছে, শুধু জুলাই মাসেই ৪৫৭ জন ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন, যা চলতি বছরের মোট আক্রান্তের বড়ো একটি অংশ। সংক্রমণ বাড়তে থাকায় জমে থাকা পানি অপসারণ, মশার বিস্তার রোধ এবং ডেঙ্গুর লক্ষণ দেখা দিলে দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হওয়ার পরামর্শ দিয়েছেন জেলা সিভিল সার্জন জাহাঙ্গীর আলম। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## আগামী সপ্তাহে গ্যাস সংকট পরিস্থিতির উন্নতি হবে : জ্বালানি প্রতিমন্ত্রী

আগামী সপ্তাহে গ্যাস সংকট পরিস্থিতির উন্নতি হবে। পুরোপুরি স্বাভাবিক হতে আরও এক সপ্তাহ সময় লাগবে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। সোমবার (২৭ জুলাই) সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে প্রতিমন্ত্রী এ কথা জানান। সরকারের পক্ষ থেকে গ্যাস সংকট পরিস্থিতি উত্তরণে সব প্রচেষ্টা অব্যাহত রয়েছে দাবি করে প্রতিমন্ত্রী বলেন, আমরা জানি বাসা-বাড়িতে মা-বোনেরা, গৃহিণীরা সংসারের রান্নার কাজে প্রতিদিন চ্যালেঞ্জ অনুভব করছেন। ইন্ডাস্ট্রিগুলোর প্রোডাকশন কম্প্রোমাইজড হয়েছে। এই কারণে আমরা আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি জনগণের কাছে। তিনি বলেন, বলতে কোনো দ্বিধা নেই এটা সরকারি কোনো প্রতিষ্ঠানের ত্রুটি নয়। একটা বেসরকারি প্রতিষ্ঠান। কিন্তু, স্টিল তারা দেশের এই সাপ্লাইটা এনসিওর করে। আমরা তাদের সঙ্গে যৌথভাবে কাজ করছি। আমরা এই মুহূর্তে তাৎক্ষণিক সমাধান দিতে পারছি না, এটা আমাদের সীমাবদ্ধতা। আমরা এজন্য বারবার দুঃখপ্রকাশ করছি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## অসংখ্য ভুয়া ডিও লেটারসহ শিক্ষাভবন থেকে 'তদবিরবাজ' আটক

রাজধানীর শিক্ষাভবন থেকে শিক্ষা ক্যাডার কর্মকর্তা পরিচয় দেওয়া এক ভুয়া ব্যক্তিকে আটক করা হয়েছে। সোমবার (২৭ জুলাই) দুপুরে ওই ব্যক্তিকে কর্মকর্তাদের সন্দেহ হলে আটক করা হয়। পরে তাকে পুলিশে সোর্পদ করা হয়। জাতীয় পরিচয়পত্র (এনআইডি) অনুযায়ী তার নাম মো. মুহিবুল্লাহ। তার বাড়ি পটুয়াখালী জেলার বাউফল উপজেলার নওমালা ইউনিয়নে। মুহিবুল্লাহর কাছে ৩৬তম বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার কর্মকর্তার ভুয়া আইডি কার্ড পাওয়া গেছে। পরে তার কাছ থেকে অসংখ্য ভুয়া ডিও লেটার জব্দ করা হয়। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি)

কর্মকর্তারা জানান, তার গতিবিধি সন্দেহজনক মনে হওয়ায় ব্যাগ সার্চ করা হয় এবং সেখানে অনেক ডিও লেটার পাওয়া যায়। পরে পুলিশে খবর দেওয়া হয়। পুলিশ এসে অভিযোগের প্রেক্ষিতে তাকে থানায় নিয়ে যায়। পরবর্তীতে বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## জুলাই আন্দোলনে লুট হওয়া পিস্তলসহ ২৪ মামলার আসামি গ্রেফতার

জুলাই আন্দোলনের সময় চট্টগ্রামের ডবলমুরিং মডেল থানা থেকে লুণ্ঠিত দুটি বিদেশি ৯ এমএম পিস্তল উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় আলমগীর (৩০) নামে একজনকে গ্রেফতার করা হয়েছে। পুলিশ জানিয়েছে, গ্রেফতার আলমগীর একজন শীর্ষ সন্ত্রাসী ও মাদক কারবারি। তার কাছ থেক দুই হাজার ইয়াবাও উদ্ধার করা হয়েছে। রোববার (২৫ জুলাই) ঝর্ণাপাড়া রেলবিট এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। সোমবার (২৭ জুলাই) গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ (সিএমপি)। বিজ্ঞপ্তিতে বলা হয়, অভিযানের সময় আলমগীরের সহযোগীরা পুলিশকে লক্ষ্য করে ইট-পাটকেল নিক্ষেপ ও গুলি ছোড়ে। আত্মরক্ষার্থে পুলিশ ২৭ রাউন্ড রাবার কার্তুজ নিক্ষেপ করে। এ ঘটনায় আগ্রাবাদ পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই মোবিনুল ইসলামসহ কয়েকজন পুলিশ সদস্য আহত হন। গুরুতর আহত এসআই মোবিনুলকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্য আহত সদস্যরা প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। ঘটনার পর ডবলমুরিং মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন এবং পুলিশ সদস্যদের ওপর হামলা, সরকারি কাজে বাধা, হত্যাচেষ্টাসহ বিভিন্ন ধারায় দুটি মামলা এবং খুলশী থানায় আরও একটি মামলা দায়ের করা হয়েছে। সিএমপি আরও জানায়, গ্রেফতার আলমগীরের বিরুদ্ধে এর আগে মাদক, বিস্ফোরকদ্রব্য আইনসহ বিভিন্ন অভিযোগে মোট ২৪টি মামলা রয়েছে। এসব মামলার মধ্যে ১২টি মাদক, তিনটি বিস্ফোরকদ্রব্য আইন এবং নয়টি অন্যান্য অপরাধের মামলা।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## চাঁদাবাজির প্রস্তুতিকালে বিদেশি পিস্তল ও গুলিসহ গ্রেফতার ২

চট্টগ্রাম নগরের বায়েজিদ বোস্তামী এলাকায় অভিযান চালিয়ে একটি বিদেশি পিস্তল ও চার রাউন্ড গুলিসহ আলোচিত সন্ত্রাসী ডেভিড ইমনের দুই সহযোগীকে গ্রেফতার করেছে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ (সিএমপি)। সোমবার (২৭ জুলাই) সিএমপির পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। গ্রেফতাররা হলেন- মো. আসিফ (২৫) ও সাইদুল ইসলাম ওরফে আরিফ (২৪)। তাদের মধ্যে আসিফ একটি মামলার পরোয়ানাভুক্ত পলাতক আসামি বলে জানিয়েছে পুলিশ। বিজ্ঞপ্তিতে বলা হয়, গত রোববার (২৬ জুলাই) রাতে বায়েজিদ বোস্তামী থানা পুলিশের একটি দল নিয়মিত অস্ত্র ও মাদকবিরোধী অভিযান চালানোর সময় গোপন সংবাদের ভিত্তিতে অক্সিজেন-কোয়াইশ সড়কের ওয়াজেদিয়া খেলার মাঠ এলাকায় অভিযান পরিচালনা করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে দুই ব্যক্তি পালানোর চেষ্টা করলে তাদের আটক করা হয়। পুলিশ জানায়, পরে তল্লাশি চালিয়ে আসিফের কোমর থেকে একটি বিদেশি পিস্তল ও ম্যাগাজিনে থাকা দুই রাউন্ড গুলি উদ্ধার করা হয়। একই সময় সাইদুল ইসলাম ওরফে আরিফের পকেট থেকে আরও দুই রাউন্ড গুলি উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া অস্ত্র ও গুলির বৈধ লাইসেন্স বা কাগজপত্র দেখাতে পারেননি তারা। প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেফতার দু-জন চট্টগ্রামের আলোচিত সন্ত্রাসী ডেভিড ইমনের সহযোগী বলে স্বীকার করেছেন বলে দাবি পুলিশের। তারা দীর্ঘদিন ধরে অবৈধ অস্ত্র সংগ্রহ করে নগর ও জেলার বিভিন্ন এলাকায় চাঁদাবাজিসহ বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ডে ব্যবহারের কথাও স্বীকার করেছেন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। এ ঘটনায় বায়েজিদ বোস্তামী থানায় অস্ত্র আইনে মামলা করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## শাহজালালে ইতালি প্রবাসীর হারানো সন্তানকে উদ্ধার করলো আনসার সদস্য

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে দায়িত্ব পালনরত বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের তাৎক্ষণিক তৎপরতায় ইতালি প্রবাসীর হারিয়ে যাওয়া ছয় বছরের পুত্রসন্তানকে উদ্ধার করে স্বজনের কাছে নিরাপদে হস্তান্তর করা হয়েছে। সোমবার (২৭ জুলাই) সকাল সাড়ে ৯টার দিকে বিমানবন্দরের বহুতল কার পার্কিং এলাকায় কান্নারত ও অভিভাবকবিহীন অবস্থায় শিশুটিকে দেখতে পান কর্তব্যরত আনসার সদস্য মো. মিজানুর রহমান। পরে তিনি শিশুটিকে নিরাপদ হেফাজতে নিয়ে বিষয়টি শিফট ইনচার্জ পিসি মো. নিজাম উদ্দিনকে জানান। আনসার সদস্যরা শিশুটির কাছ থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিমানবন্দরের বিভিন্ন স্থানে খোঁজ শুরু করেন। একই সঙ্গে মাইকিংয়ের মাধ্যমে তার স্বজনদের সন্ধান করা হয়। একপর্যায়ে বিমানবন্দরের ক্যানোপি-২ এলাকা থেকে শিশুটির মামা মো. সুমন মাতব্বরকে শনাক্ত করা হয়। পরে শিশুটিকে ডিএসও অফিসে নিয়ে যথাযথ পরিচয় যাচাই-বাছাই শেষে কর্তৃপক্ষের উপস্থিতিতে তার মামার কাছে হস্তান্তর করা হয়। উদ্ধার হওয়া শিশুটির নাম মো. আব্দুল্লাহ মাতব্বর (৬)। তার বাবা ইতালি প্রবাসী মোহাম্মদ আজিজুল ইসলাম। শিশুটিকে ফিরে পেয়ে তার স্বজনরা আনসার সদস্যদের দায়িত্বশীলতা, সতর্কতা ও মানবিকতার প্রশংসা করেন এবং তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## ৯৩ শিক্ষানবিশ এএসপিকে বদলি

৯৩ শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপারকে পুলিশের বিভিন্ন ইউনিটে বদলি করা হয়েছে। সোমবার (২৭ জুলাই) পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকিরের সই করা এক প্রজ্ঞাপনে এ বদলি করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়, শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপাররা বাস্তব প্রশিক্ষণ সন্তোষজনকভাবে শেষের পর বদলি হওয়া কর্মস্থলে যোগদান করবেন। ৯৩ সহকারী পুলিশ সুপারকে সিআইডি, ডিএমপি, র‍্যাব, কক্সবাজার, খুলনা, এপিবিএন, জিএমপি, সিএমপি, আরপিএমপি, কেমপি, এসএমপি, বিএমপি, শিল্পাঞ্চল পুলিশে বদলি করা হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## বিদেশি শিক্ষার্থীর হারানো স্মার্টফোন উদ্ধার করলো সিআইডি

বাংলাদেশে অধ্যয়নরত এক বিদেশি নারী শিক্ষার্থীর হারিয়ে যাওয়া দামি স্মার্টফোন উদ্ধার করে প্রকৃত মালিকের কাছে ফিরিয়ে দিয়েছে অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) সাইবার পুলিশ সেন্টার (সিপিসি)। প্রযুক্তিনির্ভর তদন্ত ও দ্রুত পদক্ষেপের মাধ্যমে ফোনটি উদ্ধারের পর সোমবার (২৭ জুলাই) সিআইডি সদরদপ্তরে আনুষ্ঠানিকভাবে এক ভারতীয় শিক্ষার্থীর হাতে তুলে দেওয়া হয়। সিআইডির অতিরিক্ত বিশেষ পুলিশ সুপার (মিডিয়া) আবু তালেব এ তথ্য জানান। আবু তালেব বলেন, রাজধানীর গ্রিন রোডের গ্রিন লাইফ মেডিকেল কলেজে অধ্যয়নরত ভারতীয় শিক্ষার্থী আসমা গত ৮ জুলাই দুপুরে কলাবাগান থানার গ্রিন রোড এলাকায় একটি কাজে বের হন। কিছুক্ষণ পর তিনি বুঝতে পারেন, তার ব্যবহৃত স্যামসাং গ্যালাক্সি এস২৪ মডেলের স্মার্টফোনটি হারিয়ে গেছে। ফোনটিতে একটি বাংলাদেশি ও একটি ভারতীয় সিম কার্ড ব্যবহার করা হচ্ছিল। গুরুত্বপূর্ণ ব্যক্তিগত তথ্য ও প্রয়োজনীয় যোগাযোগের মাধ্যম হারিয়ে যাওয়ায় তিনি দুশ্চিন্তায় পড়ে যান। পরে সহপাঠী ও বান্ধবী রিজুয়ানা রহমান রিসার সহায়তায় কলাবাগান থানায় একটি সাধারণ ডায়েরি করা হয়। বিষয়টি দ্রুত সমাধানের আশায় ওই শিক্ষার্থীর শিক্ষক শারমিন সিআইডির সাইবার পুলিশ সেন্টারের সঙ্গে যোগাযোগ করেন। অভিযোগ পাওয়ার পর সিআইডির সাইবার পুলিশ সেন্টারের (সিপিসি) বিশেষজ্ঞ দল প্রযুক্তিগত অনুসন্ধান শুরু করে। তথ্যপ্রযুক্তির সহায়তায় মোবাইল ফোনটির অবস্থান শনাক্ত করার পর ধারাবাহিক অনুসন্ধান চালিয়ে বাগেরহাট জেলা থেকে ফোনটি উদ্ধার করা হয়। পরবর্তীতে প্রয়োজনীয় যাচাই-বাছাই শেষে সিআইডি সদর দপ্তরের সাইবার পুলিশ সেন্টার ইউনিটের কার্যালয়ে বিদেশি শিক্ষার্থী আসমার কাছে উদ্ধার করা মোবাইল ফোনটি আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়। নিজের হারিয়ে যাওয়া মোবাইল ফোনটি ফিরে পেয়ে আবেগাপ্লুত আসমা সিআইডির সাইবার পুলিশ সেন্টারের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## নাহিদ ইসলামের সঙ্গে ফ্রান্স ও জার্মানির কূটনৈতিকদের সাক্ষাৎ

বাংলাদেশে নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত জ্যঁ-মার্ক সেরে-শার্লে এবং জার্মানির চার্জ দ্য অ্যাফেয়ার্স আনজা কের্স্টেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলামের সঙ্গে সাক্ষাৎ করেছেন। সোমবার (২৭ জুলায়ী) রাজধানীর বাংলামোটরে দলের অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে সাক্ষাৎটি অনুষ্ঠিত হয়। এসময় এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া এবং আন্তর্জাতিকবিষয়ক সেলের ইনচার্জ আলাউদ্দীন মোহাম্মদ ও সেলের সদস্য নাভিদ নওরোজ শাহ উপস্থিত ছিলেন। বৈঠকে দেশের নির্বাচন-পরবর্তী রাজনৈতিক পরিস্থিতি, সংসদে এনসিপির ভূমিকা, রাষ্ট্রের মৌলিক সংস্কার ও ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে বাংলাদেশের সম্পর্কের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। এছাড়া আঞ্চলিক পরিস্থিতি, ইন্দো-প্যাসিফিক সহযোগিতা, বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক পরিস্থিতি ও অর্থনৈতিক অংশীদারত্ব সম্প্রসারণের সুযোগ নিয়েও মতবিনিময় করেন তারা। সাক্ষাতে উভয় পক্ষ অভিন্ন স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে ধারাবাহিক যোগাযোগ ও সহযোগিতা জোরদারের মাধ্যমে ইউরোপীয় ইউনিয়ন, ফ্রান্স ও জার্মানির সঙ্গে বাংলাদেশের সম্পর্ক আরও দৃঢ় করার অঙ্গীকার ব্যক্ত করে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## ‘বিতর্কিত’ নির্বাচনে দায়িত্ব পালন করা ৩২ কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসর

২০১৮ সালের একাদশ জাতীয় সংসদ নির্বাচনে রিটার্নিং কর্মকর্তার দায়িত্ব পালন করা তৎকালীন ৩২ জেলা প্রশাসককে (ডিসি) বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে সরকার। বর্তমানে তারা ওএসডি (বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা) হিসেবে যুগ্ম সচিব পদমর্যাদায় কর্মরত ছিলেন। সোমবার (২৭ জুলাই) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। বাধ্যতামূলক অবসরের পাঠানো ওই সময়ের ডিসিদের মধ্যে রয়েছেন- চাঁদপুরের ডিসি মো. মাজেদুর রহমান খান, কুমিল্লার ডিসি মো. আবুল ফজল মীর, কুষ্টিয়ার ডিসি মো. আসলাম হোসেন, নেত্রকোনার ডিসি মঈনউল ইসলাম, বান্দরবানের ডিসি মোহাম্মদ দাউদুল ইসলাম, নাটোরের ডিসি মো. শাহরিয়ার, শরীয়তপুরের ডিসি কাজী আবু তাহের, চাঁপাইনবাবগঞ্জের ডিসি এ জেড এম নুরুল হক, ময়মনসিংহের ডিসি মো. মিজানুর রহমান, চট্টগ্রামের ডিসি মোহাম্মদ ইলিয়াস হোসেন, লক্ষ্মীপুরের ডিসি অঞ্জন চন্দ্র পাল, রাঙামাটির ডিসি এ কে এম মামুনুর রশিদ, কক্সবাজারের ডিসি মো. কামাল হোসেন, সুনামগঞ্জের ডিসি মো. আব্দুল আহাদ, পাবনার ডিসি মো. জসিম উদ্দিন, ঝিনাইদহের ডিসি সরোজ কুমার নাথ, খাগড়াছড়ির ডিসি মো. শহিদুল ইসলাম, ফেনীর ডিসি মো. ওয়াহিদুজ্জামান। এছাড়া বরিশালের ডিসি এস এম অজিয়র রহমান, ভোলার ডিসি মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক, পটুয়াখালীর ডিসি মো. মতিউল ইসলাম চৌধুরী, নীলফামারীর ডিসি নাজিয়া শিরিন, রাজশাহীর ডিসি এস এম আব্দুল কাদের, মাগুরার ডিসি মো. আলী আকবর,

হবিগঞ্জের ডিসি মাহমুদুল কবীর মুরাদ, কিশোরগঞ্জের ডিসি মো. সারওয়ার মুর্শেদ চৌধুরী, নরসিংদীর ডিসি সৈয়দা ফারহানা কাউনাইন, খুলনার ডিসি মোহাম্মদ হেলাল হোসেন, শেরপুরের ডিসি আনার কলি মাহবুব, কুড়িগ্রামের ডিসি মোছা. সুলতানা পারভীন, মানিকগঞ্জের ডিসি এস এম ফেরদৌস, চুয়াডাঙ্গার ডিসি গোপাল চন্দ্র দাশ রয়েছেন।প্রজ্ঞাপনে বলা হয়েছে, সংশ্লিষ্ট কর্মকর্তাদের চাকরিকাল ২৫ বছর পূর্ণ হয়েছে। সরকার জনস্বার্থে তাদের সরকারি চাকরি থেকে অবসর দেওয়া প্রয়োজন বলে বিবেচনা করায় সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৪৫ ধারার ক্ষমতাবলে তাদের বাধ্যতামূলক অবসর দেওয়া হয়েছে। তারা বিধি অনুযায়ী, অবসরজনিত সব সুবিধা পাবেন বলেও প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## গুমের দায়ে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড, নতুন আইনের খসড়া প্রকাশ

দেশে গুমের ঘটনা প্রতিরোধ এবং এ অপরাধের বিচার নিশ্চিত করতে 'গুম নিরোধ ও প্রতিকার আইন-২০২৬' শীর্ষক নতুন আইনের খসড়া প্রকাশ করেছে সরকার। প্রস্তাবিত আইনে গুমের কারণে কোনো ব্যক্তির মৃত্যু হলে বা পাঁচ বছরেও তার সন্ধান না মিললে দায়ী ব্যক্তির জন্য সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন কারাদণ্ডের বিধান রাখা হয়েছে। সোমবার (২৭ জুলাই) জনমত ও অংশীজনদের মতামত গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আইনের খসড়াটি প্রকাশ করা হয়। শাস্তির বিধান-

গুম : গুমের অপরাধের জন্য দায়ী ব্যক্তি সর্বোচ্চ যাবজ্জীবন কারাদণ্ড বা কমপক্ষে ৩ বছরের কারাদণ্ড এবং ৫০ লাখ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডিত হবেন।

গুমের ফলে মৃত্যু হলে : যদি গুম হওয়া ব্যক্তির মৃত্যু ঘটে বা ৫ বছরের মধ্যেও তাকে খুঁজে পাওয়া না যায়, তবে দায়ী ব্যক্তির সর্বোচ্চ শাস্তি হবে মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন কারাদণ্ড। এর পাশাপাশি কমপক্ষে ৫ বছরের কারাদণ্ড এবং ১ কোটি টাকা অর্থদণ্ড প্রদান করা হবে।

গোপন আটক কেন্দ্র : তথাকথিত 'আয়নাঘর' বা কোনো অননুমোদিত গোপন আটক কেন্দ্র নির্মাণ, স্থাপন বা ব্যবহার করলে কমপক্ষে ৫ বছরের কারাদণ্ড ও ২০ লাখ টাকা জরিমানার বিধান রাখা হয়েছে।

প্রমাণ নষ্ট করা : গুমের সাক্ষ্যপ্রমাণ নষ্ট বা পরিবর্তন করলে কমপক্ষে ৫ বছরের কারাদণ্ড ও ২০ লাখ টাকা অর্থদণ্ড দেওয়া হবে।

**উর্ধ্বতন কর্মকর্তাদের দায়**

আইনে 'কমান্ড রেসপন্সিবিলিটি' বা উর্ধ্বতন কর্মকর্তাদের জবাবদিহির ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। যদি কোনো শৃঙ্খলা-বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তা তার অধীনদের গুম করার আদেশ দেন বা জেনেও তা প্রতিরোধের ব্যবস্থা না নেন, তবে তিনিও মূল অপরাধের সমপরিমাণ দণ্ডে দণ্ডিত হবেন। এছাড়া রাজনৈতিক অস্থিতিশীলতা বা রাষ্ট্রের নিরাপত্তার দোহাই দিয়ে গুমের সাফাই গাওয়ার কোনো সুযোগ এ আইনে রাখা হয়নি।

**দ্রুত বিচার ও ক্ষতিপূরণ**

গুমের মামলার বিচার হবে দায়রা জজ আদালতে এবং বিচার কার্য শুরু হওয়ার ৯০ কার্যদিবসের মধ্যে শেষ করতে হবে। প্রয়োজনে আদালত এই সময় আরও ৩০ দিন বৃদ্ধি করতে পারবে। বিচারে অপরাধী সাব্যস্ত হলে দণ্ডিত ব্যক্তির সম্পত্তি থেকে ভুক্তভোগীকে যথাযথ ক্ষতিপূরণ প্রদানেরও ব্যবস্থা রাখা হয়েছে।

**মিথ্যা মামলায় সাজা**

অন্যদিকে, গুমের বিষয়ে কোনো ব্যক্তি যদি মিথ্যা বা হয়রানিমূলক মামলা দায়ের করেন, তবে তার জন্য সর্বোচ্চ ৫ বছরের সশ্রম কারাদণ্ডের বিধান রাখা হয়েছে। ভুক্তভোগী পরিবারের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে সরকার গুম সংক্রান্ত একটি কেন্দ্রীয় তথ্যভাণ্ডার সংরক্ষণ করবে, যেখানে নিখোঁজ হওয়ার তারিখ, স্থান এবং সম্ভাব্য কারণ উল্লেখ থাকবে। এই আইনটি কার্যকর হলে গুমের শিকার ব্যক্তি এবং তাদের পরিবারের ন্যায়বিচার পাওয়ার পথ সুগম হবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## ফরিদপুরে আরেক ভূমি কর্মকর্তার 'ঘুস' নেওয়ার ভিডিও ভাইরাল

ফরিদপুরের নগরকান্দা উপজেলার ডাঙ্গী ইউনিয়নের ভূমি উপসহকারী কর্মকর্তা সরোয়ার হোসেনের 'ঘুস' নেওয়ার ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়েছে। সোমবার (২৭ জুলাই) দুপুর থেকে ভিডিও ছড়িয়ে পড়ে। ভিডিওতে দেখা যায়, সরোয়ার হোসেন তার ব্যক্তিগত কক্ষে বসে টাকা গুনে নিচ্ছেন। টাকা নিয়ে নিজের চেয়ারে গিয়ে বসে পড়েন। এসময় এক মাসের মধ্যে কাজ 'কমপ্লিট' করে দেওয়া হবে বলে তাকে বলতে শোনা যায়। এ বিষয়ে যোগাযোগের চেষ্টা করেও অভিযুক্ত ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা সরোয়ার হোসেনকে পাওয়া যায়নি। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রেজওয়ানা আফরিন জাগো নিউজকে বলেন, 'আমি সবাইকে চিনি না। তবে ভিডিওটি দেখেছি। এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।' (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## বনের জমিতে পানের বরজ, উচ্ছেদে গিয়ে রক্তাক্ত ৫ বনকর্মী

কক্সবাজারের রামুতে সংরক্ষিত বনভূমিতে স্থাপন করা অবৈধ পানের বরজ উচ্ছেদে গিয়ে হামলার শিকার হয়েছেন বনবিভাগের রেঞ্জ কর্মকর্তাসহ পাঁচজন। স্থানীয় বিএনপি নেতার নেতৃত্বে সংঘবদ্ধ হামলায় রক্তাক্ত আহত হয়ে পাঁচ বনকর্মী কক্সবাজার সদর হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। আহতদের মাঝে তিনজনের অবস্থা আশঙ্কাজনক বলে দাবি

করেছেন কক্সবাজার দক্ষিণ বনবিভাগের ডিএফও আবদুল্লাহ আল মামুন। সোমবার (২৭ জুলাই) সকাল সাড়ে ১০টার দিকে রামুর দক্ষিণ মিঠাছড়ি ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের সমিতিপাড়া পাহাড়ি এলাকায় এ হামলার ঘটনা ঘটে। আহতরা হলেন- রামুর পানেরছড়া রেঞ্জ কর্মকর্তা শরীফুল আলম, বনরক্ষী হুমায়ুন কবির, বাগান মালি সাইদুল ইসলাম, কর্মচারী মো. সাজিদ এবং ইমার্জেন্সি রেসপন্স টিম (ইআরটি) সদস্য মিজানুর রহমান। আহত রেঞ্জ কর্মকর্তা শরীফুল আলম জানান, সংরক্ষিত বনের জমি দখল করে পানের বরজ নির্মাণের অভিযোগে অভিযান চালানো হচ্ছিল। এসময় স্থানীয় বিএনপি নেতা জসিম উদ্দিন, নাজির হোসেন ও সাহাব উদ্দিনের নেতৃত্বে শতাধিক ব্যক্তি দেশীয় অস্ত্র ও লাঠিসোঁটা নিয়ে বনকর্মীদের ওপর এলাপাথাড়ি হামলা চালান। এতে তিনি নিজেসহ পাঁচজন আহত হন। চিকিৎসকদের বরাত দিয়ে ঝিলংজা বিট কর্মকর্তা কামরুজ্জামান শোভন বলেন, আহতদের মধ্যে তিনজন ব্যাপক জখম হয়েছেন। তাদের মধ্যে রেঞ্জ কর্মকর্তার মাথায় ৯টি সেলাই দেওয়া হয়েছে। অন্য দুজনের তিনটি করে সেলাই দেওয়া হয়েছে। বাকিদের শরীরের বিভিন্ন অংশে গুরুতর জখম হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

### তিন বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য নিয়োগ

দেশের তিনটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য (ভিসি) নিয়োগ দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়গুলো হলো- নেত্রকোনা বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় এবং কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়। সোমবার (২৭ জুলাই) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের পৃথক তিনটি প্রজ্ঞাপনের মাধ্যমে এ নিয়োগ দেওয়া হয়। প্রজ্ঞাপন অনুযায়ী, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের (আইইআর) অধ্যাপক ড. মো. খালেদ উজ্জামানকে নেত্রকোনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ দেওয়া হয়েছে। 'নেত্রকোনা বিশ্ববিদ্যালয় আইন, ২০১৮ (সংশোধিত ২০২৩)'-এর বিধান অনুযায়ী তাকে এ পদে নিয়োগ দেওয়া হয়। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টি টেকনোলজি বিভাগের অধ্যাপক ড. মো. মোজাম্মেল হককে হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। পাশাপাশি কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. মো. হাবিবুর রহমানকে নিয়োগ দেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ রিহাব)

## রেডিও টুডে

### বিএনপিকে যারা ফ্যাসিবাদের দল বলে, তাদের জ্ঞানের অভাব রয়েছে : মির্জা ফখরুল

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, "বিএনপিকে যারা ফ্যাসিবাদের দল বলে, তাদের জ্ঞানের অভাব রয়েছে।" একইসঙ্গে তিনি জামায়াতে ইসলামীর আমিরকে দলের গঠনতন্ত্র পড়ে দেখার আহ্বান জানিয়ে প্রশ্ন তোলেন, দলটি আদৌ গণতান্ত্রিক কি না। সোমবার রংপুরে দুইদিনের সফরে পল্লী উন্নয়ন অ্যাকাডেমির উদ্বোধন শেষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। মির্জা ফখরুল বলেন, সংবিধান অনুযায়ী নির্ধারিত সময়েই রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হবে। রাষ্ট্রপতি পদে কাকে মনোনয়ন দেওয়া হবে, সে বিষয়ে দলের স্থায়ী কমিটিই চূড়ান্ত সিদ্ধান্ত নেবে। স্থানীয় সরকার নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, চলতি বছরের শেষ দিকে অথবা আগামী বছরের শুরুতে এ নির্বাচন হতে পারে। প্রার্থীদের যোগ্যতার বিষয়ে নির্বাচন কমিশন সিদ্ধান্ত নেবে। অনুষ্ঠানে কৃষি খাতে সুদমুক্ত ঋণ ও বিনিয়োগের মাধ্যমে বাণিজ্যিক কৃষি অর্থনীতি গড়ে তোলার প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেন তিনি। পরে তিনি রংপুর টাউন হল মাঠে আয়োজিত পল্লী উন্নয়ন মেলা পরিদর্শন করেন। এরপর জেলা শিল্পকলা একাডেমিতে বিআরডিবির বিভাগীয় কার্যালয়ের উদ্বোধন, উপকারভোগীদের মধ্যে গাছের চারা বিতরণ, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ এবং কিশোরীদের মধ্যে প্রণোদনার চেক বিতরণ অনুষ্ঠানে অংশ নেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ আসাদ)

### নতুন পে-স্কেল মন্ত্রিসভায় অনুমোদনের প্রস্তুতি

আর্থিক সক্ষমতা ও সামষ্টিক অর্থনীতির ওপর সম্ভাব্য চাপের কথা বিবেচনায় নিয়ে আন্তর্জাতিক মুদ্রা তহবিল নতুন পে-স্কেল অন্তত দুই বছর পিছিয়ে দেওয়ার পরামর্শ দিয়েছে। তবে সরকার সে পথে না হেঁটে আগামী অক্টোবরে আইএমএফ ও বিশ্বব্যাংকের বার্ষিক সভার আগেই নতুন পে-স্কেলের গেজেট প্রকাশের প্রস্তুতি নিচ্ছে। অর্থ বিভাগ সূত্রে জানা গেছে, সম্প্রতি ঢাকা সফররত আইএমএফ প্রতিনিধিদলের সঙ্গে একাধিক বৈঠকে নতুন পে-স্কেলের আর্থিক প্রভাব নিয়ে আলোচনা হয়। ওই বৈঠকে সংস্থাটি বেতন কাঠামো পুনর্নির্ধারণের সিদ্ধান্ত আরো দুই বছর স্থগিত রাখার পরামর্শ দেয়। তাদের যুক্তি, বর্তমান পরিস্থিতিতে নতুন পে-স্কেল কার্যকর হলে সরকারের রাজস্ব ব্যয় উল্লেখযোগ্যভাবে বেড়ে যাবে, যা বাজেট ঘাটতি ও মূল্যস্ফীতির ওপর বাড়তি চাপ সৃষ্টি করতে পারে। সূত্র বলছে, আগামী অক্টোবরে থাইল্যান্ডে অনুষ্ঠেয় আইএমএফ-বিশ্বব্যাংকের বার্ষিক সভার আগেই গেজেট প্রকাশ করে নতুন পে-স্কেল বাস্তবায়ন প্রক্রিয়া শুরু করতে চায় সরকার। আর আইএমএফ চায়, বিষয়টি অক্টোবর পর্যন্ত অপেক্ষমাণ থাকুক, যাতে বার্ষিক সভায় এ নিয়ে বিস্তারিত আলোচনা করা যায়। পাশাপাশি নভেম্বরে সম্ভাব্য নতুন মিশন ঢাকায় এসে পে-স্কেল ও নতুন ঋণ কর্মসূচি নিয়ে আরো গভীরভাবে আলোচনা করতে পারে। কিন্তু সরকার বিষয়টি দীর্ঘায়িত করতে আগ্রহী নয়। এদিকে, নতুন পে-স্কেলের প্রস্তাবনা মন্ত্রিসভায় অনুমোদনের জন্য উপস্থাপনের প্রস্তুতি নিচ্ছে অর্থ বিভাগ। চলতি সপ্তাহের শেষদিকে কিংবা আগামী সপ্তাহের যে-কোনো মন্ত্রিসভার বৈঠকে বিষয়টি উত্থাপন করা হতে পারে। যদিও এ বিষয়ে এখনো চূড়ান্ত সূচি নির্ধারণ

করা হয়নি। এরই অংশ হিসেবে গতকাল রবিবার সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রায় পাঁচ ঘণ্টার একটি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সচিব কমিটির সুপারিশ, আর্থিক প্রভাব, বাস্তবায়ন কৌশল এবং আইএমএফের আপত্তির বিষয়গুলো নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। এতে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, অর্থসচিব ড. খায়েরুজ্জামান মজুমদার, পে-স্কেলসংক্রান্ত ফোকাল কর্মকর্তা এবং সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তারা অংশ নেন। বৈঠকসংশ্লিষ্ট সূত্র জানায়, অর্থমন্ত্রী নতুন পে-স্কেল বাস্তবায়নের সম্ভাবনা ও সীমাবদ্ধতার বিভিন্ন দিক তুলে ধরেন। পরে প্রধানমন্ত্রী প্রয়োজনীয় দিক-নির্দেশনা দেন। তিনি বলেন, 'বর্তমান আর্থ-সামাজিক বাস্তবতায় সরকার নতুন পে-স্কেল বাস্তবায়নের নীতিগত সিদ্ধান্ত নিয়েছে। সেখান থেকে সরে আসার সুযোগ নেই। তবে এককালীন চাপ কমাতে ধাপে ধাপে বাস্তবায়নের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।' সংশ্লিষ্ট একাধিক সূত্র জানিয়েছে, নতুন পে-স্কেলের আর্থিক প্রভাব, বাজেট ব্যবস্থাপনা, রাজস্ব সক্ষমতা এবং সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে ধারাবাহিক আলোচনা চলছে। একইসঙ্গে চলতি বাজেটে পে-স্কেলের জন্য যে বরাদ্দ রাখা হয়েছে, তা যথেষ্ট কি না, সেটিও খতিয়ে দেখা হচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ আসাদ)

## ২৫ লাখ টাকার চুক্তিতে শুটার ভাড়া করেন সিএনজি হাফিজ : ডিবি প্রধান

রাজধানীর কাফরুলে যুবদলকর্মী মো. ইউসুফকে গুলি করে হত্যায় জড়িত সাতজনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের মিরপুর বিভাগ ও কাফরুল থানা পুলিশ। ডিবি বলছে, কাফরুল থানা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক হাফিজুর রহমান হাফিজ ওরফে সিএনজি হাফিজের পরিকল্পনায় এ ঘটনা ঘটে। কাফরুল থানা যুবদলের সদস্য সচিব হাফিজুল ইসলাম বাবুকে হত্যার উদ্দেশ্যে তিনি ২৫ লাখ টাকার চুক্তিতে শুটার ভাড়া করে আনেন। গ্রেফতারকৃতরা হলেন- নাহিদ হাসান, শাফিন আহমেদ, জিয়ারুল মোল্লা, আলী হোসেন, জিহাদ মোল্লা, মাসুম বিল্লাহ ও আবির হাওলাদার। এ বিষয়ে বিস্তারিত জানাতে আজ সোমবার দুপুরে রাজধানীর মিন্টো রোডে ডিএমপি মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে ডিবি প্রধান অতিরিক্ত কমিশনার শফিকুল ইসলাম বলেন, দীর্ঘদিন ধরে এলাকার ময়লার টেন্ডার, ফুটপাত দখল ও আধিপত্য বিস্তার নিয়ে বিরোধে বাবুকে হত্যার পরিকল্পনা করে হাফিজ। তবে ঘটনাচক্রে অস্ত্রধারীদের গুলিতে যুবদল কর্মী ইউসুফ নিহত হন এবং দু-জন গুরুতর আহত হন। ডিবি প্রধান জানান, হত্যার সঙ্গে সরাসরি জড়িত ৪ শুটারসহ ৮ জনকে গ্রেফতার করা হয়েছে। হত্যার মিশনে ১১ জন অংশ নেয়। ঘটনার পর থেকে পলাতক রয়েছেন হাফিজুর। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ আসাদ)

## সাবেক উপাচার্য কলিমউল্লাহর কারামুক্তিতে বাধা নেই : আইনজীবী

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন কাজের অর্থ আত্মসাতের মামলায় এক লাখ টাকা মুচলেকায় পাসপোর্ট জমার সত্ত্বে প্রতিষ্ঠানের সাবেক উপাচার্য নাজমুল আহসান কলিমউল্লাহের জামিননামা দাখিল করা হয়েছে। এতে তার কারামুক্তিতে বাধা নেই বলে জানিয়েছেন তার আইনজীবী মহসিন রেজা। সোমবার ঢাকার মহানগর দায়রা জজ শাহজাহান কবির শুনানি শেষে জামিননামা দাখিলের অনুমতি দেন। এদিন মামলার তদন্ত প্রতিবেদন ও আসামির হাজিরার জন্য ধার্য ছিল। এজন্য কারাগার থেকে আসামি কলিমউল্লাহকে আদালতে হাজির করা হয়। হাজিরা শেষে তাকে কারাগারে পাঠানো হয়েছে। একইসঙ্গে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য ২৩ সেপ্টেম্বর দিন ধার্য করা হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৬.২০২৬ আসাদ)

## বাংলাদেশ-চীন অর্থনৈতিক অঞ্চল শিল্প বিপ্লবের নতুন দিগন্ত উন্মোচন করবে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, চট্টগ্রামের আনোয়ারায় কর্ণফুলী নদীর পূর্ব তীরে 'চায়না অর্থনৈতিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল জোন-এর ভিত্তিপ্রস্তর স্থাপনের মাধ্যমে বাংলাদেশের শিল্প খাতে এক নতুন ও ঐতিহাসিক যুগের সূচনা হয়েছে। বাংলাদেশ ও গণচীন সরকারের যৌথ উদ্যোগে এবং 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ'-এর নীতিমালার আলোকে গৃহীত এই প্রকল্পটি দেশের দীর্ঘমেয়াদি অর্থনৈতিক সমৃদ্ধি, বৈচিত্র্যময় শিল্পায়ন এবং বিপুল কর্মসংস্থান সৃষ্টিতে যুগান্তকারী ভূমিকা রাখবে। আজ সোমবার চট্টগ্রামের আনোয়ারায় সিইআইজেড-এর ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ আসাদ)

## ২০২৭ সালের হজ নিবন্ধন শুরু, ৭ শ্রেণির ব্যক্তি যেতে পারবেন না

২০২৭ সালের হজের প্রাথমিক নিবন্ধন কার্যক্রম শুরু হয়েছে। সোমবার থেকে শুরু হওয়া এ কার্যক্রম চলবে আগামী ২৪ সেপ্টেম্বর পর্যন্ত। এ সময়ের মধ্যে হজে যেতে আগ্রহীদের প্রাথমিক নিবন্ধন সম্পন্ন করতে হবে। তবে নির্ধারিত কয়েকটি শারীরিক ও স্বাস্থ্যগত শর্ত পূরণ না করলে এবার হজে অংশ নেওয়া যাবে না। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, সৌদি আরবের হজ ও ওমরাহ মন্ত্রণালয়ের ঘোষিত রোডম্যাপ অনুযায়ী এবার নিবন্ধন কার্যক্রম পরিচালিত হচ্ছে। সরকারি ও বেসরকারি- উভয় ব্যবস্থাপনায় প্রাথমিক নিবন্ধনের জন্য সাড়ে তিন লাখ টাকা জমা দিতে হবে। তবে এর আগে বাধ্যতামূলকভাবে ৩০ হাজার টাকা দিয়ে প্রাক-নিবন্ধন সম্পন্ন করতে হবে। প্রাথমিক নিবন্ধনকারীদের আগামী ১০ ডিসেম্বরের মধ্যে হজ প্যাকেজের বাকি অর্থ পরিশোধ করে চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন করতে হবে। সরকারি ব্যবস্থাপনায় ই-হজ সিস্টেম ছাড়াও ইউনিয়ন ডিজিটাল সেন্টার, ইসলামিক ফাউন্ডেশনের

বিভাগীয় ও জেলা কার্যালয়, জেলা ও উপজেলা মডেল মসজিদ, বায়তুল মোকাররম কার্যালয় এবং ঢাকা হজ অফিস থেকে নিবন্ধন করা যাবে। সরকারি ব্যবস্থাপনায় নিবন্ধনের অর্থ সোনালী ব্যাংকের যেকোনো শাখায় জমা দিতে হবে। অন্যদিকে বেসরকারি ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট হজ এজেন্সির নির্ধারিত ব্যাংক হিসাবে অর্থ জমা দিতে হবে।
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী, নিচের ব্যক্তিরা ২০২৭ সালের হজে অংশ নিতে পারবেন না-
১. ১৫ বছরের কম বয়সি শিশু।
২. হৃদযন্ত্র, ফুসফুস, লিভার বা কিডনির দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত ব্যক্তি।
৩. স্নায়ুবিক বা গুরুতর মানসিক রোগে আক্রান্ত ব্যক্তি।
৪. ডিমেনশিয়ায় আক্রান্ত ব্যক্তি।
৫. কেমোথেরাপি, বায়োলজিক্যাল থেরাপি বা রেডিওথেরাপি গ্রহণরত ক্যান্সার রোগী।
৬. জনস্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ সক্রিয় সংক্রামক রোগে আক্রান্ত ব্যক্তি, যেমন যক্ষ্মা ও হেমোরেজিক ফিভারে আক্রান্ত রোগী।
৭. গর্ভাবস্থার শেষ দুই মাসে থাকা নারী এবং ঝুঁকিপূর্ণ গর্ভাবস্থায় থাকা নারীরা, কারণ তারা হজের জন্য প্রয়োজনীয় ফিটনেস সনদ পাবেন না। এ ছাড়া প্রাথমিক নিবন্ধনের সময় হজযাত্রীদের প্রশিক্ষণ ও টিকা গ্রহণের জেলা, হজের ধরণ এবং হজ প্যাকেজ নির্বাচন করতে হবে। নিবন্ধনের জন্য ২০২৭ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত মেয়াদ রয়েছে- এমন বৈধ পাসপোর্ট থাকতে হবে বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৭.০৭.২০২৬ আসাদ)

# BBC

**OIL PRICE DIVES AS US AND IRAN PAUSE ATTACKS**

The price of oil sank more than 9% on Monday on hopes that a pause in attacks between US and Iran could help lead to a resolution to the conflict. Brent crude, the global benchmark for oil, dipped below $88 a barrel, marking a sharp turnaround from last week when it had risen above $100. The fall came after the US ambassador to the UN said attacks on Iran had been halted for a second night in a row to give "talks some space". An Iranian army spokesperson said on Sunday that Tehran had halted "retaliatory" attacks in the region in response. The outbreak of the Iran war triggered a sharp rise in oil prices as the conflict led to the effective closure of the Strait of Hormuz, a key shipping route which usually carries about 20% of the world's oil and liquefied natural gas (LNG).
(BBC News Web Page: 27/07/26, FARUK)

**THREE DEAD IN SHOOTING AT FOOD FESTIVAL NEAR SEATTLE'S SPACE NEEDLE**

Three people have been killed and several others injured following a shooting at a food festival near the Space Needle in Seattle on Sunday. Police said there were two suspects who were shooting at each other. One of the suspects is in custody and the other still at large, although officials have said there is no threat to public. Shots rang out at around 18:00 local time at one of the city's most popular tourist spots and as the annual Bite of Seattle food festival drew even more people to the downtown area. Two deaths were confirmed at the scene, and one person died later in hospital. Those injured include a two-year-old boy, officials said. Videos shared online showed people taking shelter inside the city's iconic Space Needle. People could be seen crouched on the ground, taking cover behind pillars and shelves of merchandise in the Space Needle's lobby during the shooting.
(BBC News Web Page: 27/07/26, FARUK)

**NETANYAHU ACCUSES NYC MAYOR 'FOMENTING HATE' AFTER ARREST THREAT**

Israeli Prime Minister Benjamin Netanyahu has said he plans to attend the UN General Assembly in New York City this autumn, despite the city's mayor, Zohran Mamdani, making threats to arrest him. Mamdani walked back that threat last week, acknowledged he lacked the legal power to arrest Netanyahu on a warrant issued by the International Criminal Court, the world's top war-crimes court. The Israeli leader, who flies to the US on Monday on a different visit, told Fox News on Sunday that he was "not concerned" about Mamdani's previous pledge and accused the mayor of "fomenting hate". He will meet US President Donald Trump at the White House on Tuesday and attend a funeral service for the late senator Lindsey Graham. New York is not on his itinerary on this trip.
(BBC News Web Page: 27/07/26, FARUK)

**FRANCE, SPAIN BATTLE 'MONSTER' WILDFIRES AS MORE HEAT LOOMS**

Firefighters are battling enormous wildfires tearing through forests in France and Spain, as authorities warn of a new heatwave set to engulf the scorched French wine-growing region around the city of Bordeaux. More than 3,25,000 people have been forced to leave their

homes, mostly in the Gironde region, which includes Bordeaux, as some of the worst forest fires in either country's history rage across southwest France and central Spain near Madrid. France's fires have caused an unprecedented "pyrocumulonimbus", a giant fire cloud that creates its own winds and produces lightning that sparks further blazes, the National Firefighters Federation of France (FNSPF) said. Spain's interior minister, Fernando Grande-Marlaska, said on Sunday evening that the fires were advancing, but slowly. Earlier on Sunday, civil protection chief Virginia Barcones, describing the fire around Avila, said the country was battling a "monster". Scientists say climate change is making such extreme weather events more frequent and more intense. (BBC News Web Page: 27/07/26, FARUK)

**ISRAELI FORCES STORM MULTIPLE WEST BANK TOWNS, SETTLER VIOLENCE**

Israeli soldiers have intensified their offensive in the occupied West Bank and East Jerusalem, raiding at least 20 towns and villages, demolishing homes and arresting dozens of Palestinians, as Arab States and the Arab League condemn escalating settler attacks against Palestinians and their property. Israeli forces had stormed the Jabal Salman area in the town of Beita, south of Nablus, and carried out demolition operations in the town of Nilin, west of Ramallah. In a separate incursion, forces stormed the town of Arrabeh in Jenin, accompanied by military bulldozers. Raids and arrests were also reported in Deir al-Ghusun, north of Tulkarem, where five Palestinians were detained. Four young men were arrested during raids on the Balata camp and Asira al-Shamaliya in Nablus, Quds News reported. (BBC News Web Page: 27/07/26, FARUK)

**DEATH TOLL FROM PAKISTAN MONSOON RAINS, FLOODS TOPS 100**

Heavy rains and flooding in Pakistan have killed at least 107 people, injured 344 others and damaged hundreds of homes since the start of the monsoon season in June, authorities said, warning of more downpours later this week. The National Disaster Management Authority (NDMA) told local media on Sunday that the death toll from rain-related incidents since late June has reached 107. Khyber Pakhtunkhwa has recorded the highest number of deaths, 55, followed by Punjab with 36. More than half of the deaths were caused by house or roof collapses, the NDMA said. In Lahore, the provincial capital of Punjab and Pakistan's second-biggest city, authorities have set up at least 17 flood relief camps to house evacuated residents, the Dawn newspaper reported.

(BBC News Web Page: 27/07/26, FARUK)

**IRAN WARNS UKRAINE OF RETALIATION AFTER DEADLY CASPIAN SEA STRIKE**

Iran's Foreign Minister Abbas Araghchi has said a deadly Ukrainian attack on an Iranian commercial vessel in the Caspian Sea "cannot go unanswered", calling it a violation of the United Nations Charter. In a social media post on Sunday, Araghchi accused Israel of provoking the attack in an attempt to "drag Europe into its war". He said he made the comments in calls with European Union foreign policy chief Kaja Kallas and Russian Foreign Minister Sergey Lavrov. The Ukrainian attack on Saturday caused the commercial vessel "to explode, killing one sailor and injuring several others", according to Iran's Ministry of Foreign Affairs. Ukraine said it had targeted a Russian warship and vessels used for transporting Iranian-linked military cargo in the Caspian Sea. But the Foreign Ministry said Iran "has never intervened in the conflict between Russia and Ukraine". Meanwhile, a senior Iranian lawmaker has warned Ukraine could face retaliation over the strike.

(BBC News Web Page: 27/07/26, FARUK)

**EBOLA INFECTIONS IN DR CONGO SURGE TO 3,200, WITH 1,405 DEATHS**

The number of people infected with Ebola in the Democratic Republic of the Congo has risen to 3,200, according to government data, including at least 1,405 deaths. The data was released on Sunday as medics struggle to contain the DRC's 17th Ebola outbreak, with infections surging by about 1,000 in just 10 days. The outbreak, declared on May 15, is caused by the Bundibugyo strain of the Ebola virus, for which there is no approved vaccine or treatment. The World Health Organization said nearly 90% of cases have been reported in the northeastern province of Ituri, which borders South Sudan and Uganda. The United Nations agency says the virus is in five provinces, including two new provinces where it has spread recently. (BBC News Web Page: 27/07/26, FARUK)

## :: THE END ::